উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা - ইসলামপুর, জেলা - জামালপুর

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, ইসলামপুর, জামালপুর

সমন্বয়েঃ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid from the British people

European Union

NORWEGIAN EMBASSY

SWEDEN

Australian Aid

UNDP Empowered lives. Resilient nations.

মুখবন্ধ

সমগ্র বিশ্বে বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ হিসেবে পরিচিত। ভৌগলিক অবস্থান, জলবায়ু ও আবহাওয়ার তারতম্যের কারণে স্থানভেদে এদেশে প্রতি বছর বন্যা (নদীবাহিত/বৃষ্টিপাত জনিত), নদীভাঙ্গন, ঘূর্ণিঝড় খরা, ভূমিকম্পন, ঘন কুয়াশার মত বিভিন্ন ধরণের আপদ আঘাত হানে। বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতিবছর এলাকা ভিত্তিক নদী ভাঙ্গনের শিকার বহ লোক ভিটে মাটি ছাড়া হয়ে নি:স্ব হয়ে পড়ে এবং নদী-খাল ভরাট জনিত কারণে এলাকা ভিত্তিক অধিবাসীদের সংশ্লিষ্ট নানা ধরণের আপদের সম্মূখীন হতে হয় । এ সমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদ সহ জান-মাল, পশু সম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয় । এর ফলে শুধু আক্রান্ত জনগোষ্ঠিই ক্ষতিগ্রস্থ হয় না জাতীয় সম্পদ এবং অর্থনীতিতে ও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়।

দুর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার মাধ্যমে মানুষের সহায় সম্পদসহ জান-মাল, পশু সম্পদ ও ফসলের ক্ষয়ক্ষতি কমানোর সুদূর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পূনর্বাসনকেই বেশি প্রাধান্য দেয়া হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ সরকার UNDP সহ বিভিন্ন দাতা গোষ্ঠির আর্থিক সহায়তায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরীর মাধ্যমে এক যুগান্তরকারী কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ ,উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা পর্যালোচনার মাধ্যমে কর্ম-পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। ঝুঁকি নিরসন কর্ম-পরিকল্পনায় স্থানীয় আপদসমূহ চিহ্নিত করে ঝুঁকি নিরসনের জন্য প্রতিটি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে।

আমি জামালপুর জেলার ইসলামপুর উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে এলাকাবাসীর পক্ষ থেকে ঝুঁকি হ্রাস কর্ম-পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
ইসলামপুর , সিরাজগঞ্জ

সূচীপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	
১.১পটভূমি	০৬
১. ২পরিকল্পনার মূল উদ্দেশ্য	০৬
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	০৬
১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান	০৬
১.৩. ২ আয়তন	০৭
১.৩.৩ জনসংখ্যা	০৭
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ণনা	০৭
১.৪.১ অবকাঠামো	০৭
১.৪.২ সামাজিক সম্পদ	১০
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	১৭
১.৪.৪অন্যান্য	১৮
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	২২
২.২ উপজেলার আপদ সমুহ	২২
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্রবর্ণনা	২২
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	২৩
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	২৪
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	২৭
২.৭ সামাজিক মানচিত্র	২৯
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	৩০
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৩১
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৩১
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৩২
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা	৩২
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৩৩
তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৩৫
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৩৭
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৪০
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৪১
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৪১
৩.৪.২ দুর্যোগ কালীন	৪২
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৪৩
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৪৪
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৬১
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	৬১
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৬১
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৬৩
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৬৩
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৬৩
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান	৬৩
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষনাবেক্ষন	৬৩
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৬৩
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ	৬৪

সূচীপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নং
৪.২.৮ ত্রাণ কার্যক্রম সমন্বয় করা	৬৪
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	৬৪
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা	৬৪
৪.২.১১ মহড়ার আয়োজন করা	৬৪
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা	৬৪
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ	৬৪
৪.৩ উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ণনা	৬৫
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৬৬
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৬৮
৪.৬অর্থায়ন	৭০
৪.৭কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	৭৩
পঞ্চমঅধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা	
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন----------	৭৪
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার----------	৭৫
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা----------	৭৫
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার----------	৭৫
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ----------	৭৬
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা----------	৭৬
সংযুক্তি: ১ ইউনিয়ন ভিত্তিক গ্রাম ও মৌজার তালিকা	৭৭
সংযুক্তি: ২ ইউনিয়ন ভিত্তিক ব্রীজের তালিকা (নাম, অবস্থা ও অবস্থান)	৮৩
সংযুক্তি: ৩ ইউনিয়ন ভিত্তিক কালভার্টের তালিকা (ইউনিয়ন, অবস্থা ও অবস্থান)	৯১
সংযুক্তি: ৪ ইউনিয়ন ভিত্তিক রাস্তার তালিকা (নাম, অবস্থা ও অবস্থান)	১০৬
সংযুক্তি: ৫ ইউনিয়ন ভিত্তিক সেচ ব্যবস্থা	১৪২
সংযুক্তি: ৬ ইউনিয়ন ভিত্তিক বাজারের তালিকা (নাম, অবস্থা ও অবস্থান এবং সংক্ষিপ্ত বর্ণনা)	১৪৫
সংযুক্তি: ৭ ইউনিয়ন ভিত্তিক বিদ্যালয়ের (স্কুল, কলেজ, মাদ্রাসা, পাঠাগার) তালিকা (নাম, অবস্থা ও অবস্থান)	১৪৯
সংযুক্তি: ৮ ইউনিয়ন ভিত্তিক মসজিদ ও মন্দিরে তালিকা (নাম, অবস্থা ও অবস্থান)	১৬২
সংযুক্তি: ৯ ইউনিয়ন ভিত্তিক ঈদগাঁহের তালিকা (নাম, অবস্থা ও অবস্থান)	১৭৭
সংযুক্তি: ১০ ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রের তালিকা (নাম, অবস্থা ও অবস্থান)	১৮১
সংযুক্তি: ১১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	১৮৫
সংযুক্তি: ১২ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	১৮৬
সংযুক্তি: ১৩ ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	১৮৭
সংযুক্তি: ১৪ ইউনিয়ন সেচ্ছাসেবকদের তালিকা	১৯৬
সংযুক্তি: ১৫ স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির তালিকা	১৯৮
সংযুক্তি: ১৬ ইঞ্জিন চালিত নৌকা	১৯৯
সংযুক্তি: ১৭ স্থানীয় ব্যবসায়ী	২০৩
সংযুক্তি: ১৮ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী	২০৮

এক নজরে ইসলামপুর উপজেলা

আয়তন	৩৫৩ বর্গ কিঃ মিঃ		ঈদগাঁহ্	৮১টি
ইউনিয়ন/ পৌরসভা	১২+০১টি		ব্যাংক	০৮টি
মৌজা	৭৫টি		পোস্ট অফিস	১৭টি
গ্রাম	২৪৮টি		ক্লাব	০৮টি
পরিবার	৬২,৪৭৬		হাট বাজার	(১৮+৫১)=৬৯টি
মোট জনসংখ্যা	২,৮৯,৩৩৭জন		কবরস্থান	১৮টি
পুরুষ	১,৪৮,৯৫৮ জন		শ্মশান ঘাট	০৫টি
মহিলা	১,৪০,৩৭৯জন		মুরগির খামার	৭০টি
শিক্ষা প্রতিষ্ঠান			কাসারী শিল্প	১০টি
সরকারি প্রাথমিক বিদ্যালয়	১২০		গভীর নলকূপ (সেচ কাজে ব্যবহৃত)	২০
মাধ্যমিক বিদ্যালয়	৫৩		অগভীর নলকূপ	৯৭৬৫টি
কলেজ	১০		হস্ত চালিত নলকূপ (সেচকাজের)	নাই
মাদ্রাসা(দাখিল, ফাজিল, এবতেদায়ী)	৫৮			
ব্র্যাক স্কুল	৪৪		নদী	০২টি
কিন্টার গার্ডেন স্কুল	১৯		খাল	০৮টি
শিক্ষার হার	৪০.৪%		বিল	০৫টি
কমিউনিটি ক্লিনিক	৪০টি		হাওড়	নাই
উপজেলা স্বাস্থ্য কেন্দ্র	১টি		পুকুর	১১৫৩টি
ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র	৩টি		জলাশয়	নাই
বাঁধ	০৫টি		কাঁচা রাস্তা	৭৬৫কি.মি.
স্লুইজ গেট	১টি		পাকা রাস্তা	১১৪কি.মি.
ব্রীজ	১৩৭টি		মোবাইল টাওয়ার	৩ টি
কালভার্ট	৩২২টি		খেলার মাঠ	১২টি
মসজিদ	৪১৪টি		নিরাপদ আশ্রয় কেন্দ্র	২৬টি
মন্দির	০৮টি		ইঞ্জিন চালিত নৌকার সংখ্যা	৮৩টি

প্রথম অধ্যায়

স্থানীয় এলাকা পরিচিতি

১.১পটভূমিঃ

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কপোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়ণের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা, ও কার্যকারীতা, নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠীর অংশগ্রহণের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হবে।

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগ প্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কম বেশি দুর্যোগে আক্রান্ত হয় । এ জেলাগুলোর মধ্যে জামালপুর জেলাটি অন্যতম। জামালপুর জেলার ইসলামপুর উপজেলা একটি অত্যন্ত দুর্যোগ ও ঝুঁকি পূর্ণ এলাকা। বন্যা ও নদীভাঙ্গন ইসলামপুর উপজেলার প্রধান দুর্যোগ । ইসলামপুর উপজেলার প্রতিটি ইউনিয়নে বন্যা ও নদীভাঙ্গনে প্রতি বছর দুর্যোগ দেখা দেয় এবং জন সাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। প্রতি বছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও জেলা/উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি । সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি জামালপুর জেলার ইসলামপুর উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্যঃ

- পরিবার ও সামাজিক পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার, সমাজ, ইউনিয়ন পরিষদ, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা ।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাস-করণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- অপসারণ, উদ্ধার, চাহিদা নিরুপণ, এাণ ও তাৎক্ষনিক পূণর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরী করা।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারিত্বের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ, কার্যকর অংশীদারত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা ।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতিঃ

১.৩.১. জেলা/উপজেলার ভৌগলিক অবস্থানঃ

জামালপুর জেলা শহর হতে সড়ক পথে ইসলামপুর উপজেলার দূরত্ব **২৬ কিলোমিটার**। অত্র উপজেলার আয়তন ৩৫৩বর্গ কিলোমিটার। **ইসলামপুর উপজেলায় মোট গ্রামের সংখ্যা ২৪৮টি, মৌজার সংখ্যা ৭৫টি** । ইসলামপুর পৌরসভা-সহ, ইসলামপুর সদর, কুলকান্দী, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, পার্থশী, পলবান্ধা, গোয়ালেরচর, গাইবান্ধা, চরপুঠীমারী এবং চরগোয়ালিনী এই ১৩ টি ইউনিয়ন/পৌরসভা নিয়ে ইসলামপুর উপজেলা। কৃষি বিভাগের তথ্য মতে এখানকার বেশীরভাগই বেলে মাটি। যমুনা ও ব্রহ্মপুত্র নদীর নিকটবর্তী হওয়ার কারনে প্রতিবছরই বন্যায় ও নদীভাঙ্গনে মানুষ গৃহহীন হয়ে পড়ে। ইউক্যালিপ্টাস, মেহগনি, আকাশমনি, কড়ই, ইত্যাদি এলাকার প্রধান প্রধান গাছপালা। স্থলপথ হিসাবে সর্বমোট ৮৭৯ কি.মি. রাস্তা আছে। যার মধ্যে কাঁচা রাস্তা ৭৬৫ কি. মি. এবং পাকা রাস্তা ১১৪ কি.মি.। যমুনা ও ব্রহ্মপুত্র নদী অত্র উপজেলার পাশ দিয়ে প্রবাহিত হয়েছে। বন্যার পানি প্রবেশে বাঁধা প্রদান করা লক্ষ্যে প্রায় ৫ টি বাঁধ আছে এবং এই বাঁধ গুলির মোট দৈর্ঘ্য ১৫কি.মি.।

ছক-১: উপজেলা থেকে ইউনিয়নের দূরত্ব

ইউনিয়নের নাম	উপজেলা থেকে দূরত্ব	ইউনিয়নের নাম	উপজেলা থেকে দূরত্ব
কুলকান্দী	১৫ কি.মি.	পার্থশী	০৫ কি.মি.
বেলগাছা	০৭ কি.মি.	পলবান্ধা	০৪ কি.মি.
চিনাডুলী	১১ কি.মি.	গোয়ালেরচর	১০ কি.মি.
সাপধরী	২৫ কি.মি.	গাইবান্ধা	১১ কি.মি.
নোয়ারপাড়া	১২ কি.মি.	চরপুঠিমারী	১৬ কি.মি.
ইসলামপুর সদর	০৫ কি.মি.	চরগোয়ালিনী	১০ কি.মি.

ছক-২: উপজেলা থেকে ইউনিয়নের সমূহের অবস্থান

উপজেলা থেকে দিক ভিত্তিক ইউনিয়নের নাম			
পূর্ব	**উত্তর**	**পশ্চিম**	**দক্ষিণ**
চকগোয়ালিনী	পলবান্ধা	পার্থশী	ইসলামপুর সদর ইউনিয়ন
চরপুঠিমারী	গোয়ালেরচর	বেলগাছা	নোয়ারপাড়া
গাইবান্ধা		কুলকান্দি	
		সাপধরী	

		চিনাডুলী	

১. উপজেলার আয়তনঃ ৩৫৩ বর্গ কিলোমিটার
২. জেলা হতে উপজেলার দূরত্বঃ ২৬ কিলোমিটার
৩. বিভাগ হতে উপজেলার দূরত্বঃ সড়কপথ ২১৬ কিলোমিটার

১.৩.২ আয়তনঃ

জামালপুর জেলার মোট আয়তন ২৪৫৭.৯২, কিলোমিটার (প্রায়) এর মধ্যে ইসলামপুর উপজেলার আয়তন ৩৫৩ বর্গ কিলো মিটার । অত্র উপজেলায় ১২টি+১টি পৌরসভা সহ ১৩টি ইউনিয়নে মোট **২৪৮টি গ্রাম ও ৭৫টি মৌজা** আছে । ইসলামপুর সদর ইউনিয়নে ১১টি গ্রাম, ইসলামপুর পৌরসভায় ৫০টি গ্রাম, কুলকান্দী ইউনিয়নে ১৩টি গ্রাম, বেলগাছা ইউনিয়নে ১৬টি গ্রাম, চিনাডুলী ইউনিয়নে ২৫টি গ্রাম, সাপধরী ইউনিয়নে ২৫টি গ্রাম, নোয়ারপাড়া ইউনিয়নে ১৩ টি গ্রাম, পার্থশী ইউনিয়নে ২০ টি গ্রাম, পলবান্ধা ইউনিয়নে ১২টি গ্রাম, গোয়ালেরচর ইউনিয়নে ১১টি গ্রাম, গাইবান্ধা ইউনিয়নে ৩০টি গ্রাম, চরপুঠীমারী ইউনিয়নে ১৪টি গ্রাম এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৮টি গ্রাম রয়েছে।
সংযুক্তিঃ ১- এ ইউনিয়ন ভিত্তিক গ্রাম ও মৌজার নাম প্রদান করা হলোঃ

তথ্য সূত্রঃ ইউনিয়ন পরিষদ

১.৩.৩ জনসংখ্যাঃ

ইসলামপুর উপজেলার মোট জনসংখ্যা ২৮৯৩৩৭ (দুই লক্ষ উনঝই হাজার তিন শত সাঁইত্রিশ)জন। যার মধ্যে পুরুষ- ১৪৮৯৫৮ জন, মহিলা-১৪০৩৭৯ জন। এই উপজেলায় পরিবার সংখ্যা ৬২৪৭৬ (বাষট্টি হাজার চার শত ছিয়াত্তর) এবং মোট ভোটার সংখ্যা প্রায় ১৪০১৩৩ জন । নিম্নে ছকের মাধ্যমে জনসংখ্যা দেখানো হলোঃ

ছক-৩: উপজেলার মোট জনসংখ্যা (পুরুষ-মহিলা) ও খানা সংখ্যা

ক্রমিক নং	উপজেলার নাম	পুরুষ	মহিলা	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
১.	**ইসলামপুর**	১৪৮৯৫৮	১৪০৩৭৯	২৮৯৩৩৭	৬২, ৪৭৬	১, ৪০, ১৩৩
মোট		১৪৮৯৫৮	১৪০৩৭৯	২৮৯৩৩৭	৬২, ৪৭৬	১, ৪০, ১৩৩

তথ্য সূত্রঃ উপজেলা নির্বাচন অফিস

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত বর্ণনাঃ

১.৪.১ অবকাঠামোঃ

- **বাঁধঃ**

ইসলামপুর উপজেলায় বন্যার পানি প্রবেশ প্রতিরোধ করা জন্য নদী ও খালের তীরবর্তী অঞ্চলে ছোট বড় সব মিলে মোট ৫ টি বাঁধ রয়েছে । উক্ত বাঁধগুলোর সর্বমোট দৈর্ঘ্য ১৫ কি.মি.। নিম্নে বাঁধের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

ছক-৪ : উপজেলার মোট বাধঁ কোথায় অবস্থিত এবং তার বর্তমান অবস্থা

ইউনিয়নের নাম	কোথায়/কোন ওয়ার্ড; অবস্থিত	কত কি.মি.	কোথা থেকে কোথা পর্যন্ত	উচ্চতা	বর্তমান অবস্থা সংক্ষেপ
কুলকান্দি	০৫ নং ওয়ার্ড; কুলকান্দি	০২ কি.মি.	কুলকান্দি পাইলিংপাড় হতে বেলগাছা সীমানা বেরী বাঁধ পর্যন্ত	৩০ ফুট	বর্তমান অবস্থা পাঁচ ভাগের এক ভাগ নদী ভাঙ্গনের স্বীকার ।
নোয়ারপাড়া	০৬ নং ওয়ার্ড; নোয়ারপাড়া	২.৫০ কি.মি.	তারতা পাড়া হতে কাজলা পর্যন্ত নোয়ারপাড়া ইউনিয়ন	২৮ ফুট	বর্তমান অবস্থা মোটামুটি ভাল, কোন কোন জায়গায় মেরামত করতে হবে ।
পার্থশী	০১ নংওয়ার্ড; পার্থশী	০৩ কি.মি.	শমারিয়ার বাড়ী হতে মুরাদাবাদ কুলকান্দি সীমানা পর্যন্ত	২২ ফুট	অনেক জায়গায় ভাঙ্গা, মেরামত করতে হবে ।
চিনাডুলী	০১ নংওয়ার্ড; চিনাডুলী	০৪ কি.মি.	গুঠাইল হতে চিনাডুলী পর্যন্ত	২৬ ফুট	নদীতে ভেঙ্গে গেছে, আবার নির্মাণ করা উদ্যোগ নিয়েছে
বেলগাছা	০১ নংওয়ার্ড; বেলগাছা	৩.৫০ কি.মি.	কুলকান্দি হতে গুঠাইল বাজার পর্যন্ত	২৭ ফুট	.৫০ কি.মি. নদীতে ভেঙ্গে গেছে, মেরামত করতে হবে ।

তথ্য সূত্রঃ পানি উন্নয়ন বোর্ড, ইউনিয়ন পরিষদ ও স্থানীয় জনসাধরণ।

- **স্লুইচ গেটঃ**

ইসলামপুর উপজেলায় স্লুইচ গেট ১টি ।

ছক-৫: স্লুইচ গেট

ইউনিয়নের নাম	কোথায় অবস্থিত	কোন নদী/খাল বা রাস্তার উপরে অবস্থিত	বর্তমান অবস্থা সংক্ষেপ
পলবান্ধা	বাটিকামারী	--	বন্ধ হয়ে অচল অবস্থায় আছে

তথ্য সূত্রঃ পানি উন্নয়ন বোর্ড ও ইউনিয়দ পরিষদ

- **ব্রীজঃ**

ইসলামপুর উপজেলায় মোট ১৩৭ টি ছোট-বড় ব্রীজ আছে । ১৩৭ টি ব্রীজের মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ১৪টি, ইসলামপুর পৌরসভার ৫টি, বেলগাছা ইউনিয়নে ৬টি, চিনাডুলী ইউনিয়নে ১১টি, নোয়ারপাড়া ইউনিয়নে ৯ টি, পার্থশী ইউনিয়নে ৭ টি, পলবান্ধা ইউনিয়নে ১৯টি, গোয়ালেরচর ইউনিয়নে ১৩টি, গাইবান্ধা ইউনিয়নে ২৯টি, চরপুঠীমারী ইউনিয়নে ১৮টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৬টি ব্রীজ রয়েছে। এই ব্রীজ গুলো লোহা, ইস্পাত ও কংক্রিট দ্বারা তৈরী। সরেজমিনে খোঁজ নিয়ে দেখা গেছে, কিছু ব্রীজের দুই মাথায় মাটি ভরাট করা ও রেলিং মেরামত সহ কিছু কিছু কাজের প্রয়োজন রয়েছে।

ইসলামপুর উপজেলার ইউনিয়ন ভিত্তিক ব্রীজের নাম, কোথায় অবস্থিত কোন নদী বা খালের উপর অবস্থিত এবং তার বর্তমান অবস্থা সংযুক্তিঃ ২- এ ছকের মাধ্যমে সংক্ষেপে বর্ণনা করা হলোঃ

তথ্য সূত্রঃ উপজেলা প্রকৌশলী-এলজিইডি, ইউনিয়ন পরিষদ ও স্থানীয় জনসাধারণ

- **কালভার্টঃ**

ইসলামপুর উপজেলায় মোট ৩২২ টি কালভার্ট আছে। ৩২২টি কালভার্টের মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ১১টি, ইসলামপুর পৌরসভায় ৪০টি, কুলকান্দী ইউনিয়নে ২৩টি, বেলগাছা ইউনিয়নে ২০টি, চিনাডুলী ইউনিয়নে ৫৭টি, সাপধরী ইউনিয়নে ৫টি, নোয়ারপাড়া ইউনিয়নে ২৮টি, পার্থশী ইউনিয়নে ১১টি, পলবান্ধা ইউনিয়নে ২১টি, গোয়ালেরচর ইউনিয়নে ৩০টি, গাইবান্ধা ইউনিয়নে ৩৯টি, চরপুঠীমারী ইউনিয়নে ১৭টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ২০টি কালভার্ট রয়েছে। এই কালভার্ট গুলো রাস্তার নীচে খালের পানি প্রবাহে সহায়তা করে। ৩২২টি কালভার্টের মধ্যে কিছু কালভার্ট একেবারে অকেজো হয়ে পড়ে আছে, আবার কিছু কালভার্ট ভাঙ্গা এবং দু'পাশ থেকে মাটি সরে গিয়ে চলাচলের অসুবিধা হচ্ছে।

সংযুক্তিঃ ৩ -এ ইউনিয়ন ভিত্তিক কালভার্ট এর নাম, কোথায় অবস্থিত ও বর্তমান অবস্থা কি তার পরিসংখ্যান টেবিলের মাধ্যমে প্রদান করা হলোঃ

তথ্য সূত্রঃ উপজেলা প্রকৌশলী-এলজিইডি, ইউনিয়ন পরিষদ ও স্থানীয় জনসাধরণ।

রাস্তাঃ

ইসলামপুর উপজেলায় ছোট-বড়, কাঁচা-পাকা মিলে সর্বমোট ৪৬৪ টি রাস্তা আছে। যার দৈর্ঘ্য প্রায় ৮৭৯ কি.মি.। এর মধ্যে পাকা রাস্তার সংখ্যা ৬৪ টি এবং এর দৈর্ঘ্য ১১৪ কি.মি. এবং কাঁচা রাস্তার সংখ্যা ৪০০ টি এবং এর দৈর্ঘ্য ৭৬৫ কি.মি. । ছোট-বড় এবং পাঁকা ও কাঁচা রাস্তা গুলির মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ২৫টি, ইসলামপুর পৌরসভায় ৪৯টি, কুলকান্দি ইউনিয়নে ২৩টি, বেলগাছা ইউনিয়নে ৪২টি, চিনাডুলী ইউনিয়নে ৭৩টি, সাপধরী ইউনিয়নে ১৭টি, নোয়ারপাড়া ইউনিয়নে ৪০টি, পার্থশী ইউনিয়নে ১৭টি, পলবান্ধা ইউনিয়নে ২০টি, গোয়ালেরচর ইউনিয়নে ৫০টি, গাইবান্ধা ইউনিয়নে ৫৩টি, চরপুঠীমারী ইউনিয়নে ১১টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৪৪টি রাস্তা রয়েছে। এই রাস্তা গুলোর গড় উচ্চতা ৩ থেকে ৩.৫ ফুট এবং প্রস্থ যথাক্রমে ১২ থেকে ৫ ফুটের মধ্যে। বন্যার সময় কাঁচা পাকা ও আধা পাকা মিলে প্রায় ৭০% রাস্তা পানিতে ডুবে যায়।

সংযুক্তিঃ ৪ -এ ইউনিয়ন ভিত্তিক রাস্তার সংখ্যা, রাস্তার নাম, কোথায় অবস্থিত, রাস্তার বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করা হলোঃ

তথ্য সূত্রঃ ইউনিয়ন পরিষদ ও উপজেলা নির্বাহী প্রকৌশলী, এলজিইডি।

- **সেচ ব্যবস্থাঃ**

ইসলামপুর উপজেলায় রবি ফসল উৎপাদনে সেচ কাজের জন্য নলকূপ ও শ্যালোমেশিন ব্যবহার করা হয়। ইসলামপুর উপজেলায় মোট গভীর নলকূপের সংখ্যা ২০ টি, শ্যালো মেশিনের সংখ্যা ৯, ৩৪০টি এবং মটর চালিত ৪২৫টি । এই গভীর নলকূপের গড় গভীরতা ৯০০-১০০০ ফুট। তবে এই উপজেলায় কোন হস্তচালিত নলকূপ নাই। নিম্নে ছকের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক গভীর ও অগভীর নলকূপের তালিকা দেওয়া হলোঃ

সংযুক্তিঃ ৫- এ সেচ ব্যবস্থার ইউনিয়ন ভিত্তিক ধরণ দেখানো হলঃ

তথ্য সূত্রঃ উপজেলা কৃষি অফিসার

- **হাটঃ**

বিভিন্ন তথ্য সুত্রে ও সরেজমিনে পরিদর্শন করে জানা গেছে অত্র উপজেলাতে মোট ১৮ টি হাট রয়েছে। হাটগুলো সাধারনত সপ্তাহে ১/২ দিন বসে। নিম্নে ছকের মাধ্যমে হাটের তালিকা দেওয়া হলো।

ছক-৬: উপজেলার হাটের নাম , হাটবার ও বিবরণ

ক্র নং	ইউনিয়ন	হাটের নাম	কবে হাট বসে	হাটের সংক্ষিপ্ত বিবরণ
১.	কুলকান্দি	কুলকান্দি মাগুন মিয়া হাট	শুক্রবার ও সোম বার	এই হাটে ধান, পাট, গম, মাছ, সবজি ইত্যাদি ক্রয়-বিক্রয় করা হয়।
২.	চিনাডুলী	কদমতলী হাট	শনিবার ও মঙ্গালবার	হাটটি নদী গর্ভে বিলিন হয়ে গেছে ।
৩.		আমতলা হাট	রবিবার ও বুধবার	এই হাটে মাছ, তরীতরকারী ইত্যাদি বিক্রি করা হয় এছাড়া বাজার সপ্তাহ জুড়ে থাকে ।
৪.		গুঠাইল হাট	শুক্রবার ও সোমবার	গুঠাইল হাট হচ্ছে একটি বড় হাট, এখানে সকল ইউনিয়নের লোকজন আসে ।
৫.	নোয়ার পাড়া	উলিয়া হাট	রবিবার ও বৃহঃস্পতিবার	এই হাটে সকল প্রকার কাঁচামাল ও মজুত পণ্য সামগ্রী পাইকারী ও খুচরা বিক্রি করা হয় ।
৬.		কাজলা হাট	শনিবার ও মঙ্গালবার	এই হাটে সকল প্রকার কৃষিপণ্য ও মজুত পণ্য সামগ্রী পাইকারী বিক্রি করা হয় ।
৭.		কাটমা জনতা -হাট	শুক্রবার ও মঙ্গালবার	এই হাটে সকল প্রকার পণ্য সামগ্রী পাইকারী বিক্রি ও কেনাবেচা করা হয় ।
৮.		হাড়গিলা হাট	রবিবার ও শুক্রবার	এই হাটে নিত্য প্রয়োজনীয় পণ্যসহ প্রয়োজনীয় আসবাপত্র পাইকারী ও খুচরা ক্রয় বিক্রয় করা হয়।
৯.	ইসলামপুর সদর	পঁচাবহলা হাট	সোমবার ও শক্রবার	এই হাটটি সোমবার ও শুক্রবার বসে। এখানে হাঁস মুরগী, গরু, ছাগল, ভেড়া ইত্যাদি কেনা বেঁচা হয় ।
১০.	পার্থশী	জারুল-তলা হাট	সোমবারও বৃহস্পতিবার	এই হাটে গরু, ছাগল, হাঁস, মুরগী, ধান, চাউল, কাঁচা বাজার ও সবজী ইত্যাদি বিক্রি হয় ।
১১.	গাইবান্ধা	দত্তপাড়া টানা ব্রীজ আনন্দ হাট	সোমবার ও শুক্রবার	এখানে মাছ, মাংস, আলু, পেঁয়াজ, কাঁচাসবজি ইত্যাদি সহ সকল প্রকার নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রী কেনাবেচা করা হয় ।
১২.		নাপিতারচর হাট	শুক্রবারও সোমবার	শুধু গরু, ছাগল, হাঁস, মুরগী ইত্যাদি বিক্রি হয় ।
১৩.	চরপুঠিমারী	ডিগ্রীর চর	সোমবার ও শুক্রবার	এই হাটে গরু, ছাগল, হাঁস, মুরগী, ধান, পাট, গম ইত্যাদি পাইকারী ও খুচরা বিক্রি করা হয় ।
১৪.		চার নং চর	রবিবার ও বুধ	ধান, পাট,গরু, ছাগল, হাঁস, মুরগী, গম ইত্যাদি পাইকারী ও খুচরা বিক্রি করা হয় ।
১৫.		বেনুয়ারচর	মঙ্গাল ও শুক্রবার	এখানে হাঁস, মুরগী,গরু, ছাগল, ধান, পাট, গম ইত্যাদি পাইকারীও খুচরা বিক্রি করা হয় ।
১৬.	চরগোয়ালিনী	ডিগ্রীরচর	সোমবার ও শুক্রবার	বিশেষ করে এই হাটে শুধুমাত্র গরু, ছাগল, হাঁস, মুরগী বিক্রি হয় ।
১৭.		কান্দারচর	রবিবার ও শুক্রবার	প্রধানত এই হাট কেবল গরু, ছাগল, হাঁস, মুরগী বিক্রির জন্য ।
১৮.	পৌরসভা	ধমকুড়া	শনিবার ও মঙ্গালবার	ইসলামপুর উপজেলার মধ্যে প্রধান হাট হচ্ছে ধমকুড়া হাট এটার আয়তন প্রায় ৫ একর। এখানে ছাগল, হাঁস, মুরগী, কবুতর ইত্যাদি বিক্রি ও ক্রয় করা হয় । এই হাট সপ্তাহে দু'দিন বসে, দূর-দূরান্ত থেকে এই হাটে চলে আসে অনেক গ্রাহক।

তথ্য সুত্রঃ ইউপি, বনিক সমিতি ও সরজমিনে পরিদর্শন।

- **বাজারঃ**

ইসলামপুর উপজেলায় মোট বাজারের সংখ্যা ৫১ টি । বাজার গুলো সাধারনত প্রতিদিনই বসে। সব বাজার মিলে মোট দোকান সংখ্যা আনুমানিক প্রায় ২৮৮৯ টি এবং বাজার সমিতির সংখ্যা ৩১টি। ৫১টি বাজারের মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ২টি, ইসলামপুর পৌরসভায় ৩টি, কুলকান্দী ইউনিয়নে ৪টি, বেলগাছা ইউনিয়নে ২টি, চিনাডুলী ইউনিয়নে ২টি, সাপধরী ইউনিয়নে ৪টি, নোয়ারপাড়া ইউনিয়নে ৫ টি, পার্থশী ইউনিয়নে ৬টি, পলবান্ধা ইউনিয়নে ৩টি, গোয়ালেরচর ইউনিয়নে ৫টি, গাইবান্ধা ইউনিয়নে ৫টি, চরপুঠীমারী ইউনিয়নে ৪টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৬টি বাজার রয়েছে।

সংযুক্তিঃ৬-এ ইউনিয়ন ভিত্তিক বাজারের সংখ্যা, বাজারের নাম, কোথায় অবস্থিত এবং বাজারের সংক্ষিপ্ত বর্ণনা তুলে ধরা হলোঃ

তথ্য সুত্রঃ ইউপি, বনিক সমিতি ও সরজমিনে পরিদর্শন।

১.৪.২ সামাজিক সম্পদঃ

- **ঘরবাড়িঃ**

ইসলামপুর উপজেলায় মোট ঘরবাড়ির সংখ্যা ১, ৩৫, ২৬৭টি। এর ভিতরে পাকা ঘরবাড়ির সংখ্যা ১১, ৫৯১টি, আধাপাকা ঘরবাড়ির সংখ্যা ৪, ৪৪০টি এবং সেমীপাকা ঘরের সংখ্যা ৯, ৮৯৫ টি অন্যান্য ঘরের সংখ্যা ১৫৫টি, এবং কাঁচা ঘরবাড়ির সংখ্যা ১, ০৮, ৭৫৬টি । উপজেলার কাঁচা ঘরগুলো টিন, ছোন, বাঁশ, খড় ও ইট দিয়ে তৈরী। এ উপজেলায় প্রায় ৭০% কাঁচা ঘরবাড়ি বন্যা লেভেলের নিচে এবং বেশির ভাগ ঘরগুলো কালবৈশাখী সহনশীল নয়।

ছক-৭: উপজেলার ঘরবাড়ির সংখ্যা ও বন্য লেভেলের উপরে কিনা

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোট ঘরের সংখ্যা	কাঁচা ঘরের সংখ্যা	পাকা ঘরের সংখ্যা	অন্যান্য উপাদান দিয়ে তৈরী ঘরের সংখ্যা	কতগুলি ঘরবাড়ি বন্যা লেভেলের উপরে
	কুলকান্দি	৬,৪৫০	৪,১২০	৭০০	আধাপাকা ১,৬৩০	১২০
	বেলগাছা	১২,১২০	১১,০৩০	৫৩৫	আধাপাকা -৪৩৫, ঝাপড়া-১২০	১,৬৮৫
	চিনাডুলী	৬,৫০০	৬,২৭৩	১০২	আধাপাকা ১২৫	২১০
	সাপধরী	১২,০৬০	১২,০২৫	-	ঝুপড়ী -৩৫	১,১০০
	নোয়ার পাড়া	১০,১৯৬	৫,৯৩৪	২০২	সেমী পাকা -৪, ০৬০	১,০৫৫
	ইসলামপুর সদর	৫,১৮৩	৪,৬৭৩	২৬০	সেমী পাকা ২৫০	৩২৫
	পার্থশী	১৩,৮২৭	১,৭৯৭	৬,৫৪০	সেমী পাকা ৫, ৪৬০	৯,৫১০
	পলবান্ধা	১০,৪০০	৯,২৫৫	৫২০	আধাপাকা-৬২৫	১,১০০
	গোয়লেরচর	১২,৪৩৫	১২,২৮২	২৮	সেমী পাকা-১২৫	৯,৫৬০
	গাইবান্ধা	১৩,৭৫০	১২,৪৭০	৩৩৫	আধাপাকা-৫৪৫	১,১৬০
	চরপুঠিমারী	১৩,১২০	১২,৩৪৫	২২০	আধাপাকা-৫৫৫	৫,৯৮০
	চরগোয়ালিনী	১২,৫৬০	১১,৮৬০	১৭৫	আধাপাকা-৫২৫	১০,১০৫
	পৌরসভা	৬,৬৬৬	৪,৬৯২	১,৯৭৪	নাই	৭,৩০৬
মোট	উপজেলা	১,৩৫,২৬৭	১,০৮,৭৫৬	১১,৫৯১	আধাপাকা-৪,৪৪০, সেমী পাকা-৯,৮৯৫, ঝুপড়ী-৩৫, ছাপড়া-১২০	৪৯,২১৬

তথ্য সূত্রঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও মোঃফজলুল করিম, ইউপি সচিব, ০১৭১৬-৮৬৪৭৫৩ ইসলামপুর।

- **পানিঃ**

ইসলামপুর উপজেলায় খাবার পানির প্রধান উৎস হলো ব্যক্তিগত নলকূপ । এই উপজেলায় ১০০% লোক নলকূপের পানি ব্যবহার করে। উপজেলায় মোট নলকূপের সংখ্যা **৫১,১৪৪** টি । যদিও সরকার ও কিছু দাতা সংস্থা এই গভীর নলকূপ গুলো স্থাপন করেছে। আবার এই নলকূপ গুলোর মধ্যে মাত্র **৩১,৫৫৩**টি বন্যা লেভেলের উপরে । উল্লেখ্য যে, উপজেলায় বন্যার সময় ব্যবহারের উপযোগী থাকে **৩১,৫৭৩**টি নলকূপ।

ছক-৮: খাবার পানির উৎস , নলকূপের সংখ্যা ও কত শতাংশ পরিবার ভিত্তিক পানি ব্যবহারের হার

ইউনিয়নের নাম	পানি সংক্রান্ত					
	খাবার পানির উৎস্য কি কি	নলকূপের সংখ্যা	নষ্ট নলকূপের সংখ্যা	কয়টি বন্যা লেভেলের উপরে	বন্যার সময় কয়টি ব্যবহার উপযোগি থাকে	কত শতাংশ পরিবার নলকূপের পানি ব্যবহার করে
কুলকান্দি	নলকূপ	১,১৫০	৫৭	১২২	১২২	১০০%
বেলগাছা	নলকূপ	২,৫০০	৭৫	১,১০০	১,১০০	১০০%
চিনাডুলী	নলকূপ	**৬৫০**	**২০**	**২৫**	**২৫**	**১০০%**
সাপধরী	নলকূপ	**১,৬০০**	**১৫০**	**১১০**	**১১০**	**১০০%**
নোয়ার পাড়া	নলকূপ	**৫,৪১০**	**২২০**	**১,০৫৪**	**১,০৫৪**	**১০০%**
ইসলামপুর সদর	নলকূপ	**৩,৭০০**	**৩২০**	**৮২০**	**৮০০**	**১০০%**
পার্থশী	নলকূপ	৩,১০০	২০০	১,৭৫০	১,৭০০	১০০%
পলবান্ধা	নলকূপ	২,৬০০	১২০	১,০০০	১,০০০	১০০%
গোয়ালেরচর	নলকূপ	১,০৮৪	৪৪	৪২৫	৬১৫	১০০%
গাইবান্ধা	নলকূপ	৫,৩০০	২৫	৩,২০০	৩,২০০	১০০%
চরপুঠিমারী	নলকূপ	৮,২৪০	৩৩	৭,১২০	৭,১২০	১০০%
চরগোয়ালিনী	নলকূপ	৯,৪৫০	৫৫	৯,১০০	৯,১০০	১০০%
পৌরসভা	নলকূপ	**৬,৩৬০**	**২৬**	**৫,৭২৭**	**৫,৭২৭**	১০০%
মোট		**৫১,১৪৪**	**১,৩৪৫**	**৩১,৫৫৩**	**৩১,৬৭৩**	**১০০%**

তথ্য সূত্রঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও মোঃফজলুল করিম, ইউপি সচিব, ০১৭১৬-৮৬৪৭৫৩ ইসলামপুর।

- **পয়ঃনিস্কাশন ব্যবস্থাঃ**

ইসলামপুর উপজেলায় ৭৩% লোক স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার করে। উপজেলায় মোট স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন সংখ্যা ৩০,২১৬ টি । সরকার ও কিছু দাতা সংস্থা এই স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন গুলো স্থাপন করেছে। আবার এই স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন গুলোর মধ্যে মাত্র ১৩, ৭৩০টি বন্যা লেভেলের উপরে । উল্লেখ্য যে, উপজেলায় বন্যার সময় ব্যবহারের উপযোগী থাকে ১৫, ১৭৯টি ।

ছক-৯: স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন সংখ্যা ও বন্যার সময় ব্যবহার উপযোগী ল্যাট্রিনের সংখ্যা

ইউনিয়নের নাম	পয়ঃনিষ্কাশন			
	স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন সংখ্যা	বন্যা লেভেলের উপরে কতটি	বন্যার সময় ব্যবহার করা যায় কয়টি	
কুলকান্দি	১,২৩০	১১৫	১১৫	
বেলগাছা	৩২৫	২১০	২০০	
চিনাডুলী	**৫৩০**	**২০০**	**২০০**	
সাপধরী	**১২০**	**১০০**	**১০০**	
নোয়ার পাড়া	**৫,০২৩**	**৯৯৫**	**৯৯৫**	
ইসলামপুর সদর	**২,১০০**	**৫৩০**	**৫৩০**	
পার্থশী	৬৫০	৪৫৫	৪৫০	
পলবান্ধা	২,৭৮০	৪০০	৪০০	
গোয়ালেরচর	২,১২০	৯৫৪	৯৫৪	
গাইবান্ধা	৪,৭৯০	১,১২০	১১২০	
চরপুঠিমারী	৫,৩৫০	৬,১২৪	৬১২৪	
চরগোয়ালিনী	২,৪২০	১,৮৭০	১৮৭০	
পৌরসভা	**২,৭৭৮**	**৬৫৭**	**২১২১**	
	৩০,২১৬	**১৩,৭৩০**	**১৫,১৭৯**	

তথ্য সূত্রঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও **মোঃফজলুল করিম, ইউপি সচিব, ০১৭১৬-৮৬৪৭৫৩ ইসলামপুর ।**

❖ শিক্ষা প্রতিষ্ঠানঃ

ইসলামপুর উপজেলায় মোট ১২০টি প্রাথমিক বিদ্যালয়, ৫৩টি মাধ্যমিক বিদ্যালয়, ১০ টি কলেজ এবং ৫৮টি মাদ্রাসা রয়েছে । সংযুক্তিঃ ৭-এ প্রতিটা শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী নাম, শিক্ষার্থী সংখ্যা, শিক্ষক সংখ্যা, কোথায় অবস্থিত এবং সেটা বন্যা আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয় কি না, তা টেবিলের মাধ্যমে বিস্তারিত তুলে ধরা হলো।

তথ্য সূত্রঃ উপজেলা শিক্ষক মিটিং এ উপস্থিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কলেজ অধ্যক্ষ, বিভিন্ন মাদ্রাসা সুপার ও সরজমিনে পরিদর্শন ।

ধর্মীয় প্রতিষ্ঠানঃ

- **মসজিদঃ**

ইসলামপুর উপজেলায় মোট মসজিদের সংখ্যা প্রায় ৪১৪ টি । ৪১৪ টি মসজিদের মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ৩২টি, ইসলামপুর পৌরসভায় ৬০টি, কুলকান্দি ইউনিয়নে ১৬টি, বেলগাছা ইউনিয়নে ২৯টি, চিনাডুলী ইউনিয়নে ৩৬টি, সাপধরী ইউনিয়নে ১৮টি, নোয়ারপাড়া ইউনিয়নে ২৮ টি, পার্থশী ইউনিয়নে ৪২ টি, পলবান্ধা ইউনিয়নে ২০টি, গোয়ালেরচর ইউনিয়নে ৩৭টি, গাইবান্ধা ইউনিয়নে ৪৫টি, চরপুঠীমারী ইউনিয়নে ১৫টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৩৬টি মসজিদ রয়েছে। মসজিদ গুলির মধ্যে কিছু কিছু মসজিদে অজুখানা নেই, যার কারনে মুসল্লিদের অজু করতে সমস্যা হয়। কিছু মসজিদের ল্যাট্রিন নেই আবার ল্যাট্রিন থাকলেও নষ্ট হয়ে গেছে। কিছু মসজিদের মূল ঘর ও বারান্দার চাল সংস্কার / মেরামত করা খুব প্রয়োজন।

সংযুক্তিঃ ৮-এ ইউনিয়ন ভিত্তিক মসজিদ ও মন্দিরের নাম, কোথায় অবস্থিত এবং বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করা হলো।

তথ্য সূত্রঃ ইউনিয়ন পরিষদ, ইমাম, এলাকার জনসাধারন ও সরজমিনে পরিদর্শন।

- **মন্দির/গীর্জাঃ**

ইসলামপুর উপজেলায় মন্দিরের সংখ্যা ৮টি এবং গীর্জা একটি ও নাই। ৮টি মন্দিরের মধ্যে ইসলামপুর পৌরসভায় ০৩টি, কুলকান্দি ইউনিয়নে ০১টি, বেলগাছা ইউনিয়নে ০১টি, চিনাডুলী ইউনিয়নে ০১টি, নোয়ারপাড়া ইউনিয়নে ০১ টি এবং পার্থশী ইউনিয়নে ০১ টি মন্দির রয়েছে।

তথ্য সূত্রঃ ইউনিয়ন পরিষদ, পুরহিত, এলাকার জনসাধারন ও সরজমিনে পরিদর্শন।

- **ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্ মাঠ)ঃ**

ইসলামপুর উপজেলায় সরকারী ও বেসরকারী মিলে সর্বমোট ঈদগাঁহ্ সংখ্যা ৮১ টি । এই ৮১টি ঈদগাঁহের মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ৩টি, ইসলামপুর পৌরসভায় ৬টি, কুলকান্দি ইউনিয়নে ৪টি, বেলগাছা ইউনিয়নে ৪টি, চিনাডুলী ইউনিয়নে ১২টি, সাপধরী ইউনিয়নে ২টি, নোয়ারপাড়া ইউনিয়নে ৬ টি, পার্থশী ইউনিয়নে ৬ টি, পলবান্ধা ইউনিয়নে ৫টি, গোয়ালেরচর ইউনিয়নে ৯টি, গাইবান্ধা ইউনিয়নে ১১টি , চরপুঠীমারী ইউনিয়নে ৭টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৬টি ঈদগাঁহ্ রয়েছে।

সংযুক্তিঃ ৯-এ ইউনিয়ন ভিত্তিক ঈদগাঁহের নাম, কোথায় অবস্থিত এবং বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করা হলো।

তথ্য সূত্রঃ ইউনিয়ন পরিষদ, ইমাম, এলাকার জনসাধারন ও সরজমিনে পরিদর্শন।

- **স্বাস্থ্য সেবাঃ**

ইসলামপুর উপজেলায় মোট ৪৪ টি স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। এর ভিতরে উপজেলা স্বাস্থ্য কেন্দ্র ১ টি, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ০৩ টি এবং কমিউনিটি ক্লিনিক (সিসি) ৪০ টি । ৪০ টি সিসির মধ্যে ইসলামপুর সদর ইউনিয়নে ৫টি, ইসলামপুর পৌরসভা ৫টি, কুলকান্দি ইউনিয়নে ১টি, বেলগাছা ইউনিয়নে ২টি, চিনাডুলী ইউনিয়নে ৩টি, সাপধরী ইউনিয়নে ২টি, নোয়ারপাড়া ইউনিয়নে ৩ টি, পার্থশী ইউনিয়নে ৩ টি, পলবান্ধা ইউনিয়নে ১টি, গোয়ালেরচর ইউনিয়নে ৩টি, গাইবান্ধা ইউনিয়নে ৪টি , চরপুঠীমারী ইউনিয়নে ৪টি এবং চরগোয়ালিনী ইউনিয়নে ৪টি স্বাস্থ্য কেন্দ্র রয়েছে।

সংযুক্তিঃ ১০-এ ইসলামপুর উপজেলায় ইউনিয়ন ভিত্তিক সকল স্বাস্থ্য কেন্দ্রের নাম, কোথায় অবস্থিত, ডাক্তার / নার্স সংখ্যা, সেবার মান এবং স্বাস্থ্য সেবা কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নাম উল্লেখ করা হলো।

তথ্য সূত্রঃ ইউএইচএফপিও এর কার্যালয়, ইউনিয়ন পরিষদ ও এলাকার জনসাধারন।

- **ব্যাংকঃ**

ইসলামপুর উপজেলায় মোট ব্যাংকের সংখ্যা ৮টি । ব্যাংকগুলো হলো কৃষি, সোনালী, জনতা, রূপালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক । ব্যাংক গুলো গ্রাহকের টাকা লেনদেন, ডিপোজিট স্কিম, কৃষি ঋণদান, এস এম ই লোন ইত্যাদি সেবাপ্রদান করে থাকে।

ছক-১০: ব্যাংকের নাম, কোথায় অবস্থিত এবং সেবার মান

উপজেলার নাম	ক্রঃ নং	ব্যাংকের নাম	কোথায় অবস্থিত	সেবার মান
ইসলামপুর		সোনালী ব্যাংক	ইসলামপুর সদর	সন্তোষজনক
		জনতা ব্যাংক	ইসলামপুর সদর	সন্তোষজনক
		অগ্রণী ব্যাংক	ইসলামপুর সদর	সন্তোষজনক
		রূপালী ব্যাংক	ধমকুড়া	সন্তোষজনক
		কৃষি ব্যাংক	থানার মোড়	সন্তোষজনক
		কৃষি ব্যাংক	গুঠাইল বাজার	সন্তোষজনক
		ডাচ বাংলা ব্যাংক	দিনুয়ার মোড়	সন্তোষজনক
		কৃষি ব্যাংক	পার্থশী ইউনিয়ন	সন্তোষজনক

তথ্য সূত্রঃ ব্যাংক হতে তথ্য সংগ্রহ করা হয়।

- **পোস্ট অফিসঃ**

ইসলামপুর উপজেলায় মোট ১৭টি পোষ্ট অফিস রয়েছে। এ পোষ্ট অফিসগুলো গ্রাহকের পোষ্টাল সার্ভিস, ক্যাশ কার্ড সার্ভিস, মোবাইল মানি অর্ডার সার্ভিস, জিইপি সার্ভিস, সেভিংস ব্যাংক ও চিঠি আদান-প্রদান ইত্যাদি সেবা প্রদান করে থাকে।

ছক-১১: পোষ্ট অফিসের নাম, কোথায় অবস্থিত এবং সেবার মান

ক্রঃনং	পোষ্ট অফিসের নাম	কোথায় অবস্থিত	সেবার মান
	গজ্জাপাড়া	গজ্জাপাড়া	মোটামুটি
	গোয়ালেরচর	গোয়ালেরচর	মোটামুটি
	ঢেংগাড়গড়	ঢেংগাড়গড়	মোটামুটি
	পলবান্ধা	পলবান্ধা	মোটামুটি
	পোড়ারচর	পোড়ারচর	মোটামুটি
	পঁচাবহলা	পঁচাবহলা	মোটামুটি
	গাইবান্ধা	গাইবান্ধা	মোটামুটি
	মালমারা	মালমারা	মোটামুটি
	কান্দারচর	কান্দারচর	মোটামুটি
	মোশারফগঞ্জ	মোশারফগঞ্জ	মোটামুটি

সিরাজাবাদ	সিরাজাবাদ	মোটামুটি
চিনাডুলী সাব পোষ্ট অফিস	চিনাডুলী	মোটামুটি
হাড়গিল বাজার সাব পোষ্ট অফিস	হাড়গিল বাজার	মোটামুটি
মুক্তির বাজার সাব পোষ্ট অফিস	মুক্তির বাজার	মোটামুটি
কুলকান্দি সাব পোষ্ট অফিস	কুলকান্দি	মোটামুটি
বেলগাছা সাব পোষ্ট অফিস	বেলগাছা	মোটামুটি
বীরনন্দনের পাড়া সাব পোষ্ট অফিস	বীরনন্দনের পাড়া	মোটামুটি

তথ্য সূত্রঃ পোস্ট অফিস হতে তথ্য সংগ্রহ করা হয়।

- **ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রঃ**

ইসলামপুর উপজেলায় ছোট বড় মিলে সর্বমোট ৮ টি ক্লাব/সাংস্কৃতি কেন্দ্র রয়েছে। এগুলো সাধারনত খেলাধুলা ও বিভিন্ন ধরনের বিনোদন ছাড়া অন্য কোন সমাজ সেবা বা উন্নয়নমুলক কাজে সহায়তা করে না, তবে দুর্যোগের সময় স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করে। নিম্নে টেবিলে বিস্তারিত বর্ণনা দেয়া হলোঃ

ছক-১২: ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম এবং সমাজ সেবায় তাদের ভূমিকা

ইউনিয়নের নাম	ক্রমিক নং	ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র		
		ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রের নাম	কোথায় অবস্থিত	কোন সমাজ সেবা/উন্নয়নমূলক কাজে সহায়তা করে কি না
বেলগাছা		মুন্নিয়া তরুণ ক্রিড়া সংগঠন	মুন্নিয়া/ দক্ষিণ; ৯নং ওয়ার্ড	হ্যাঁ
		মধ্য বরুল আশার আলো ক্লাব	মধ্য বরুল; ৮নং ওয়ার্ড	হ্যাঁ
পার্থশী		নবদিগন্ত স্পোটিং ক্লাব	পার্থশী	না
চরগোয়ালিনী		যুব উন্নয়ন সমিতি	কান্দারচর	হ্যাঁ
পৌরসভা		পপার ইয়ং ষ্টার ক্লাব	থানার মোড় নটার কান্দা	হ্যাঁ
		কিশোর ক্লাব	ধমকুড়া	হ্যাঁ
		শেখ রাসেল	ফকির পাড়া	হ্যাঁ
		কিশোর জাগরণী	ফকির পাড়া	হ্যাঁ

তথ্য সূত্রঃ উপজেলা সমবায়, সমাজ সেবা অফিস ও সরজমিনে পরিদর্শন।

এনজিও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহঃ

ইসলামপুর উপজেলায় ৮ টি এনজিও আছে। এই এনজিও গুলো ক্ষুদ্র ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও দুর্যোগ বিষয়ে কাজ করে। নিম্নে এনজিও গুলোর কাজ ছকের মাধ্যমে দেখানো হলোঃ

ছক-১৩: এনজিওর নাম, কাজের ধরণ এবং প্রকেল্পের মেয়াদকাল

ক্রমিক নং	এনজিও	কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
	আশা	ক্ষুদ্রঋণ, দূর্যোগ এর সময় সহায়তা প্রদান করা হয়	৩,৫০০ জন	চলমান
	ব্র্যাক	ক্ষুদ্রঋণ, শিক্ষা, স্বাস্থ্য, নারীর অধিকার, আইনি সহায়তা, এবং দূর্যোগ এর সময় সহায়তা প্রদান করা হয়	৪,৬০০ জন	চলমান
	সাজেদা ফাউন্ডেশন	ক্ষুদ্রঋণ, প্রাইম প্রকল্প, দুর্যোগের সময় ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়	৮,৩৮৫ জন	২০১৬ সাল চলমান
	সনির্ভর বাংলাদেশ	ক্ষুদ্রঋণ, স্বাস্থ্য সহায়তা প্রকল্প, বন্যার সময় ক্যাম্প করে স্বাস্থ্যসেবা দেওয়া হয়	স্যালাইন	প্রতিবছর করা হয়
	এন ডি পি	প্রশিক্ষণ, বাজার ব্যবস্থা উন্নয়ন ও দুর্যোগ ব্যবস্থাপনা	২,০০০	৩ বছর (২০১৬ পর্যন্ত চলমান)
	এস এস এস	ক্ষুদ্রঋণ	৫,৬০০	চলমান
	ই এস ডি ও	প্রশিক্ষণ, খাদ্য নিরাপত্তা, দুর্যোগ ব্যবস্থাপনা	৭,০০০	চলমান
	টি এম এস এস	ক্ষুদ্রঋণ	৪,৩০০	চলমান

তথ্য সূত্রঃ চাঁদ মাহমুদ, ব্রাঞ্চ ম্যানেজার, ০১৭৩০-০৯৮৫১৬, মোঃ ইউনুস আলী ভূঁইয়া, ০১৭৩০-৩৪৭৩৭৪, মোঃ শাহ আলম, ০১৭৭৭-৭৭১৬৬৬, আবজাল হোসেন, ম্যানেজার, ০১৭১৬-২৯২৩৭৯ ও সরজমিনে পরিদর্শন।

● খেলার মাঠঃ

ইসলামপুর উপজেলায় মোট ১২টি খেলার মাঠ রয়েছে। এ মাঠ গুলোর বেশীর ভাগই নিচু এবং বন্যায় মাঠ গুলো অর্ধ নিমজ্জিত থাকে । যার ফলে দূর্যোগের সময় উক্ত মাঠগুলো আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার করা যায় না, তবে ত্রাণ কার্যক্রম পরিচালনা, অস্থায়ী ক্যাম্প স্থাপন, দূর্যোগ বিষয়ক প্রশিক্ষণ, মহড়ার আয়োজন ইত্যাদি কাজে আসে।

ছক-১৪: খেলার মাঠের সংখ্যা, কোথায় অবস্থিতে এবং দুর্যোগের সময় কিভাবে কাজে লাগে

ইউনিয়নের নাম	ক্রমিক নং	খেলার মাঠ		
		কোথায় অবস্থিত	দুর্যোগের সময় কোন কাজে লাগবে কি না	কিভাবে কাজে লাগবে
কুলকান্দি	১.	কুলকান্দি এস এন উচ্চ বিদ্যাঃ খেলার মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়েছে
	২.	কুলকান্দি হেদায়তিয়া সিঃমাদ্রসা খেলার মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়েছে
চিনাডুলী	৩.	গুঠাইল হাই স্কুল মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
	৪.	ডেবরাই পেচ স্কুল মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
সাপধরী	৫.	সাপধরী উচ্চ বিদ্যাঃ মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
পার্থশী	৬.	মলমগঞ্জ উচ্চ বিদ্যালয় মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
পলবান্ধা	৭.	সিরাজাবাদ স্কুল মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে কাজে লাগবে, তবে মাঠটি উঁচু করতে হবে কারণ বন্যার সময় প্লাবিত হয়
গোয়ালেরচর	৮.	কাছিমারচর উচ্চ বিদ্যালয় মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসাবে কাজে লাগবে, কিন্তু ৪ ফুট উঁচু করতে হবে
পৌরসভা	৯.	ধমকুড়া হামেদ আলী মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
	১০.	ইসলামপুর উচ্চ বিদ্যালয় মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
	১১.	ইসলামপুর নেকজাহান মডেল উচ্চ বিদ্যালয়ল মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়
	১২.	ইসলামপুর মডেল বিশ্ব বিদ্যালয় মাঠ	হ্যাঁ	আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়

তথ্য সূত্রঃ ধর্মীয় নেতা, জনসাধারণ ও সরজমিনে পরিদর্শন।

➢ কবরস্থান ও শ্মশান ঘাটঃ

● কবরস্থানঃ

ইসলামপুর উপজেলায় সরকারী, পারিবারিক ও সামাজিকভাবে ১৮টি কবরস্থান রয়েছে। এই উপজেলায় কিছু কবরস্থান বন্যার সময় পানিতে তলিয়ে যায়। নিম্নে টেবিলে বিস্তারিত দেয়া হলোঃ

ছক-১৫: কবরস্থানের নাম কোথায় অবস্থিত এবং বন্যা লেভেলের উপরে কিনা

ইউনিয়নের নাম	ক্রমিক নং	কবরস্থান	
		কোথায় অবস্থিত	বন্যা লেভেলের উপরে কি না
কুলকান্দি	১.	কুলকান্দি কবরস্থান	না
	২.	মধ্যপাড়া কবরস্থান	না
বেলগাছা	৩.	ধনতলা কবরস্থান	হ্যাঁ
চিনাডুলী	৪.	গুঠাইল মিয়াবাড়ী সরকারী কবরস্থান	হ্যাঁ
	৫.	গিলাবাড়ী কবরস্থান	হ্যাঁ
সাবধরী	৬.	মন্ডল পাড়া কবরস্থান	হ্যাঁ
পার্থশী	৭.	পার্থশী সরকার বাড়ী কবরস্থান	হ্যাঁ
	৮.	পার্থশী মন্ডল পাড়া কবরস্থান	হ্যাঁ
	৯.	মুখশিমলা প্রধান বাড়ী কবরস্থান	হ্যাঁ
	১০.	লাউদত্তা খান বাড়ী কবরস্থান	হ্যাঁ
গোয়ালেরচর	১১.	কাছিমারচর আকন্দ বাড়ী কবরস্থান	হ্যাঁ
	১২.	মোহাম্মদপুর ছাহের আলী বাড়ী কবরস্থান	হ্যাঁ
গাইবান্ধা	১৩.	পোড়ার চর কবরস্থান	হ্যাঁ
	১৪.	সরকার পাড়া কবরস্থান	হ্যাঁ
	১৫.	তেঘরিয়া কবরস্থান	হ্যাঁ
	১৬.	শাহ পাড়া কবরস্থান	হ্যাঁ
চরগোয়ালিনী	১৭.	কান্দারচর কবরস্থান	হ্যাঁ
পৌরসভা	১৮.	ধমকুড়া ৭নং	হ্যাঁ

তথ্য সূত্রঃ মোঃ ফরহাদ হোসেন, ইউ আই এস সি, ০১৭১৭-৪৯৯৮৩১মোঃ আঃ হালিম, ইউপি সচিব, ০১৭৩৪-৩৫২৪৭৪ **এবং সরজমিনে পরিদর্শন ও দলীয় আলোচনা।**

● শ্মশান ঘাটঃ

ইসলামপুর উপজেলায় ৫ টি সরকারী শ্মশানঘাট রয়েছে। এই উপজেলায় একটি শ্মশানঘাট নিচু এবং বন্যার সময় পানিতে তলিয়ে যায়। নিম্নে টেবিলের মাধ্যমে বিস্তারিত তুলে ধরা হলোঃ

ছক-১৬: শ্মশানঘাট কোথায় অবস্থিত এবং বন্যা লেভেলের উপরে কিনা

ইউনিয়নের নাম	ক্রঃ নং	শ্মশানঘাট	
		কোথায় অবস্থিত	বন্যা লেভেলের উপরে কি না
পৌরসভা	১.	বেপাড়ী পাড়া শ্মশান স্থান	হ্যাঁ
	২.	অষ্টিমি শ্মশান স্থান	হ্যাঁ
	৩.	ফকির পাড়া শ্মশান স্থান	হ্যাঁ
গাইবান্ধা	৪.	কড়াইতলা নামা পাড়া নদীর পাড় শ্মশান ঘাট	হ্যাঁ
পার্থশী	৫.	পার্থশী ঘোষ পাড়া শ্মশানঘাট	বন্যার পানি উঠে এটা উঁচু করতে হবে

তথ্য সূত্রঃ মোঃ ফরহাদ হোসেন, ইউ আই এস সি, ০১৭১৭-৪৯৯৮৩১মোঃ আঃ হালিম, ইউপি সচিব, ০১৭৩৪-৩৫২৪৭৪, **সরজমিনে পরিদর্শন ও দলীয় আলোচনা।**

- **যোগাযোগ ও পরিবহনের মাধ্যমঃ**

ইসলামপুর উপজেলার জনগণ যোগাযোগ করা জন্য স্থলপথ ও নদীপথ ব্যবহার করে । স্থলপথে /রাস্তা চলা চলের জন্য ভ্যান, মটরসাইকেল, নছিমন এবং নদীপথে চলাচলের জন্য নৌকা ব্যবহার করে। উপজেলায় মোট ভ্যানের সংখ্যা আনুমানিক ৭৫১ টি, অটো সংখ্যা আনুমানিক ৪২২ টি, নছিমন সংখ্যা আনুমানিক ৪৭০ টি, নৌকা সংখ্যা আনুমানিক ৪৭২ টি এবং অন্যান্য গাড়ি ১,৮৪০টি। যা টেবিলের মাধ্যমে তুলে ধরা হলোঃ

ছক-১৭: যোগযোগ এর মাধ্যম হিসাবে কি কি ধরণের কতগুলি যানবাহন আছে

ক্রঃনং	ইউনিয়নের নাম	যোগাযোগের মাধ্যম	ইউনিয়নে কি ধরণের যানবাহন কতগুলি আছে										
			বাস	ট্রাক	মাইক্রো	কার	সিএনিজি /টেম্পু	অটো	নৌকা	রিক্সা	ভ্যান	নছিমন	অন্যান্য
	কুলকান্দি	সড়ক ও নৌপথ	-	-	-	-	-	১	৬	২০	১৫	০২	বাইক ৫০টি
	বেলগাছা	রাস্তা ও নৌপথ	-	-	০২	-	১৫/০১	১০	২৫	৫০	৩০	৫৫	বাইক ১৫টি
	চিনাডুলী	রাস্তা ও নৌকা	-	-	-	-	১৬	৪৫	৩০	৩৫০	১৮০	১২০	বাইক ৩০টি
	সাপধরী	নদীপথ	-	-	-	-	-	-	১২০	-	-	-	-
	নোয়ার পাড়া	রাস্তা ও নৌকা	-	-	-	-	০২	১৫	৫২	২৫	১২০	-	বাইক ১১০ টি
	ইসলামপুর সদর	**সড়ক ও নৌকা**	-	-	-	-	২০	৪৫	১০	৭০	৩০	৮০	বাইক ১৫টি
	পার্থশী	রাস্তা	-	-	০২	-	১০/০৩	৩৫	০৯	৩০০	৫০	১০০	বাইক ২৫টি
	পলবান্ধা	রাস্তা	-	-	-	-	১০	২০	-	৮৫	১০০	৫০	বাইক ৭৫টি
	গোয়ালেরচর	রাস্তা	-	-	-	-	-	-	১৫	-	৬	-	বাইক ১১৫টি
	গাইবান্ধা	রাস্তা ও নদী	-	-	-	-	-	-	১০৫	-	৫০	-	বাইক ৫৬০টি
	চরপুঠিমারী	রাস্তা ও নদী	-	-	-	-	-	০৯	৫৫	৫৫	১৮	০৮	বাইক ২৫০টি
	চরগোয়ালিনী	রাস্তা ও নদী	-	-	-	-	-	--	৪৫	-	০৭	-	বাইক ৪৫০টি
	পৌরসভা	রাস্তা	০২	১১	০৮	১৬	১৮	২৪২	-	৪২৪	১৪৫	৫৫	বাইক ১৪৫টি
মোট			০২	১১	১২	১৬	৯১/৪	৪২২	৪৭২	১৩৭৯	৭৫১	৪৭০	১৮৪০টি

তথ্য সূত্রঃ শ্রমিক সমিতি থেকে নেওয়া হয়েছে।

- **বন ও বনায়নঃ**

বর্তমানে মানবসৃষ্ট কারন ও প্রাকৃতিক বিরুপ প্রতিক্রিয়ায় বনাঞ্চল ধ্বংস হচ্ছে। ইসলামপুর উপজেলায় উল্লেখ্যযোগ্য কোন বনাঞ্চল নাই। তবে এলাকায় পাকা-কাঁচা রাস্তা, বাঁধ, বসতবাড়ীর চারপাশ, রাস্তার দু'পাশ দিয়ে কিছু সামাজিক বনায়ন পরিলক্ষিত হয়। ইসলামপুর উপজেলাতে মোট ২৫-৩৫ প্রকারের গাছ রয়েছে তার মধ্যে ইউক্যালিপ্টাস, শিশু, বাবলা, মেহগনী, আকাশমনী, আম, জাম, কাঁঠাল, লিচু, নারিকেল, নিম, মেহগনি অন্যতম। বিভিন্ন ধরনের গাছ সরকারী উদ্যোগেও লাগানো হয়েছে। ইসলামপুর উপজেলাতে সরকারী-বেসরকারী ও ব্যাক্তি উদ্যোগে প্রায় ৩৫ কিলোমিটার বনায়ন করা হয়েছে।

ছক-১৮: বনায়ন এর জন্য কি কি গাছ আছে তার বিবরণ

ক্রঃনং	ইউনিয়নের নাম	কোন বনাঞ্চল আছে কি না	কত একর এলাকা জুড়ে বনাঞ্চল আছে	কি কি গাছ আছে	সরকারী /এনজিও বা ব্যক্তির উদ্যোগে বনায়ন করা হয়েছে কি না (হ্যাঁ হলে নাম লিখুন)
০১	ইসলামপুর	আছে	৩৫কি.মি.	ইউক্যালিপ্টিস, শিশু, বাবলা, মেহগুনী, আকাশমনী, আম, জাম, কাঁঠাল, লিচু, নারিকেল, নিম ও মেহগনি	বন বিভাগের তথ্যমতে উক্ত এলাকায় সরকারী-বেসরকারী ও ব্যাক্তি উদ্যোগে বেশ কিছু রাস্তার দু'পাশে বনায়ন করা হয়েছে।

তথ্য সূত্রঃ উপজেলা বন বিভাগ ও সরেজমিনে পরিদর্শন

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ুঃ

- **বৃষ্টিপাতের ধারাঃ**

এই এলাকায় বৃষ্টিপাতের ধারা বিশ্লেষণ করে দেখা গেছে যে, গড় দৈনিক বৃষ্টিপাতের পরিমাণ প্রায় একই রকম। এই অঞ্চলের বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ২,১৭৪ মি.মি.। ১৯৭১, ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০০৭ সালের পর দৈনিক গড় বৃষ্টিপাত যথাক্রমে ১, ৬, ৫ এবং ৬ মি.মি-এর অধিক। কিন্তু এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, উৎপাদন ব্যয় বেশি হচ্ছে এবং উৎপাদন কম হচ্ছে। সেইসাথে ফসলের রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। অসময়য়ে বৃষ্টিপাত বেশি লক্ষ্য করা যাচ্ছে। আশ্বিন-অগ্রাহায়ন পর্যন্ত প্রচুর বৃষ্টি হয় ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাছাড়া শীত মৌসুমেও প্রচুর বৃষ্টিপাত হয় ফলে ফসলের চাষাবাদ ব্যাহত হয় এবং মানুষের জীবন-জীবিকার উপর বিরাট নেতিবাচক প্রভাব পড়ে। নিম্নে টেবিলের মাধ্যমে প্রকাশ করা হলোঃ

ছক-১৯: মৌসুম অনুযায়ী বৃষ্টিপাতের ধারা

মোট বৃষ্টিপাতের পরিমান	কোন মৌসুমে কেমন বৃষ্টি পাত হয়												কোন পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে কিনা
	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
১,০১৩মি.মি.	১৬১ মি.মি.	১২৬ মি.মি.	১৪৬ মি.মি.	২৫৩ মিঃমি	১০৪ মি.মি.	২১৯ মি.মি.	-	৪ মি.মি.					২,০১১-১৫২৩মি.মি. ২০১২-১২৪৮মি.মি. ২০১৩-১০৬২মি.মি. সুতারাং পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে।

তথ্য সুত্রঃ বিবিএস-২০১১, এফজিডি, কে আই আই ও সাধারণ জনগণ।

- **তাপমাত্রাঃ**

ইসলামপুরে সর্বোচ্চ ও সর্বনিম্ন গড় তাপমাত্রা যথাক্রমে ৩৩.০° সে. ও ১২.০° সে.। বর্ষাকালে এ অঞ্চলের গড় তাপমাত্রা থাকে ২৮.৩° সেঃ অধিকাংশ ক্ষেত্রে তাপমাত্রা স্বাভাবিক থাকে। বর্ষাকালে এ অঞ্চলের গড় তাপমাত্রা ২৮.৩°সে. থাকে ।এলাকাবাসীর অভিজ্ঞতা থেকে জানা যায় যে, তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এরকম পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যৎ-এ ঝুঁকি আরো বাড়বে। এছাড়া তাপমাত্রা বৃদ্ধির ফলে যে সমস্ত লোক বিকল্প পেশা হিসেবে পোল্ট্রি ফার্ম ব্যবসা, গবাদিপশুপালন চালু করেছিল তাদের এই ব্যবসাও ঝুঁকির মুখে পড়েছে।

ছক-২০: মৌসুম অনুযায়ী তাপমাত্রার বিবরণ

গড় তাপমাত্রা	কোন মৌসুমে কেমন তাপমাত্রা												কোন পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে কিনা
	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
২৮.৩ ডিগ্রি সে.	৩৪.৬	৩৪.৬	৩৭.৬	৩৮.১	৩৬.২	৩৫.১	৩০.০০	২৮.২	২১.৩	১৫	২৫	২৭.৩	

তথ্য সুত্রঃ বিবিএস-২০১১, এফজিডি, কে আই আই ও সাধারণ জনগণ।

- **ভূ-গর্ভস্থ পানির স্তরঃ**

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তথ্য অনুযায়ী প্রতি বছর দুই বার পানির স্তর পরিমাপ করা জন্য জরিপ চালানো হয়। এ-অঞ্চলে দেখা গেছে এপ্রিল মাসে এই স্তর ২৮-৩০ ফুটের মধ্যে থাকে এবং মে মাসে এই পানির স্তর আরও নিচে নেমে যায়। মে মাসে এই স্তর থাকে ৩০-৩৫ ফুটের মধ্যে। এলাকাবাসীর মতে পানির এই স্তর না-কমলেও দিন দিন সুপেয় পানির প্রাপ্যতা কমে যাচ্ছে, টেকসই উন্নয়নের জন্য এটি হুমকি স্বরূপ।

ছক-২১: বিগত পাচঁ বছরে পানির স্তরের অবস্থা

পানির স্তর কত ফুট নিচে	পানির স্তরের কোন পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে কিনা	বিগত পাঁচ বছরের পানির স্তর					শুষ্ক মৌসুমে খাবার পানির সংকট হয় কি না	শুষ্ক মৌসুমে সেচের পানির সংকট হয় কি না	মন্তব্য
		২০১২	২০১১	২০১০	২০০৯	২০০৮			
৩০-৩৫	হ্যাঁ	৩০-৩৫	২৮-৩০	২৮-৩০	২৬-২৭	২৫-২৭	না	হ্যাঁ	

তথ্য সুত্রঃ জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর।

১.৪.৪ অন্যান্যঃ

• ভূমি ও ভূমির ব্যবহারঃ

ইসলামপুর উপজেলায় মোট ৩৫,৩৬৭ হেক্টর জমি আছে । যার মধ্যে আবাদী জমির পরিমান ২৫,৩২২ হেঃ, অনাবাদী জমি ২৮,৪১১ হেঃ, একফসলী জমি ১,০২৫ হেঃ, দু'ফসলী জমি ২৬,৩১০ হেঃ ও তিন ফসলী জমি ৭,৯২৭ হেঃ এবং বসতি জমির পরিমান ৬, ৯৫৬হেঃ

ছক-২২: ভুমি ও ভূমির ব্যবহার

মোট জমির পরিমান	আবাদি	অনাবাদী	এক ফসলী	দু-ফসলী	তিন ফসলী	বসতি এলাকার পরিমান	মন্তব্য
৩৫,৩৬৭ হেঃ	২৫,৩২২ হেঃ	২৮,৪১১ হেঃ	১,০২৫ হেঃ	২৬,৩১০ হেঃ	৭,৯২৭ হেঃ	৬,৯৫৬ হেঃ	আবাদি জমি বেশি কিন্তু বন্যায় ফসলের ক্ষতি হয়

তথ্য সূত্রঃ মোঃ মোজ্জাম্মেল হক
উপ-সহকারী কৃষি কর্মকর্তা,
মোবাঃ ০১৭৬৩-৯৬৩০৮২

• কৃষি ও খাদ্যঃ

ইসলামপুর উপজেলার প্রধান ফসল ধান, গম, পাট, ভুট্রা ও মরিচ। এই এলাকার মানুষের প্রধান খাবার ভাত ও রুটি এছাড়াও মাছ, মাংস, সবজি ও নানা রকম ফল-মূল তাদের খাদ্যাভ্যাসের মূল উপাদান। এ উপজেলায় মানুষের খাদ্যাভাস সকালে ১ বার, দুপরে ১ বার ও রাতে ১ বার ।

ছক-২৩: কৃষি ও খাদ্য উৎপাদনের পরিসংখ্যান

প্রধান প্রধান ফসল কি কি	বিগত ১০ বছরের উৎপাদনের পরিসংখ্যান (মেঃটন)										প্রধান খাদ্য সমূহ
	২০১২	২০১১	২০১০	২০০৯	২০০৮	২০০৭	২০০৬	২০০৫	২০০৪	২০০৩	
ধান	১৫২,৬৮০	১৯ ৯২,০৪২	২০৩,১৬৩	১৬৬,৮২২	১৬১,০২৩	১১৩,৫৬৫	১১৮,৩৫৪	৯৭,৪১৬	৩২,৭০৬	২৭,৩৬৭	
গম	৪,৫৮৪	২,২৯৬	২,০৬২	১,৭৫০	১,৮০০	২,৩৭৪	১,৪০০	৮৭০	৮৫০	৭৭০	
পাট	৯৪৪৬৬ বেল	১২০৩৮৯ বেল	১৩৩৪৫৭ বেল	৩৫২৮১ বেল	১৩৫৫০ বেল	২৯১৪ বেল	১১,৭৫০ বেল	৯৩৭৫ বেল	৫৩৪০ বেল	১৯৫৬ বেল	
ভুট্টা	৪৪২৪	২৯৭০	২৬০৭	২২৫০	১৯৮০	২৭৮৮	১,১৫৫	৭৫০	৬৭০	৬৫০	
মরিচ	৩৩৯১	৪০২৫	৩৯৬৫	৩৩৬০	১৮২০	৯১০	৫৮৭	৫৭৬	৫৫৪	৪৯০	
প্রধান প্রধান ফসল কি কি	বিগত ১০ বছরের ক্ষয়ক্ষতির তথ্য										খাদ্যভাস
	২০১২	২০১১	২০১০	২০০৯	২০০৮	২০০৭	২০০৬	২০০৫	২০০৪	২০০৩	
ধান	৭৫৫০ হেঃ	-	-	-	-	৬৫০০ হেঃ	৭৯০০ হেঃ	-	৩৫০ হেঃ	৪৫ হেঃ	
গম	-	-	-	-	-	-	-	-	-	-	-
পাট	-	-	-	-	-	-	-	-	১০৪ হেঃ	-	-
ভুট্টা	-	-	-	-	-	-	-	-		-	-
মরিচ		-	-	-	-	-	-	-	-	-	-

তথ্য সূত্রঃ মোঃ মোজ্জাম্মেল হক

● নদীঃ

ইসলামপুর উপজেলায় মোট ০২ টি নদী । নদী দু'টির নাম যথাক্রমে যমুনা ও ব্রহ্মপুত্র । এ নদী দুটির শাখা উপজেলার প্রায় সবকটি ইউনিয়নের ভিতর দিয়ে প্রবাহিত হয়েছে।

ছক-২৪: নদীর উপকার ও অপকার

উপজেলার মধ্যে বা পাশ দিয়ে বয়ে যাওয়া নদীর নাম	নদীর উপকার বিষয়ক সংক্ষিপ্ত বর্ণনা	নদীর অপকার বিষয়ক সংক্ষিপ্ত বর্ণনা
যমুনা নদী	এই নদী থেকে জেলেরা জীবিকা নির্বাহ করে, জমিতে সেচ দেয় এবং এক স্থান থেকে অন্য স্থানে যোগাযোগ করে।	এই নদী তীরবর্তী ০৬টি ইউনিয়ন, যার ফলে বন্যার সময় গ্রাম প্লাবিত হয়, তারা নদী ভাঙ্গানের স্বীকার হয়।
ব্রহ্মপুত্র নদী	এই নদীতে প্রচুর মাছ থাকায় জেলেরা মাছ স্বীকার করে জীবিকা নির্বাহ করে এবং জমিতে সেচ দেয় ।	ব্রহ্মপুত্র নদীর শাখার পূর্বে ০৫ টি ইউনিয়নের প্রায় সকল গ্রাম বন্যায় প্লাবিত হয় এর মধ্যে ৩টি ইউনিয়ন প্রতি বছরই নদী ভাঙ্গানের স্বীকার হয়।

তথ্য সূত্রঃ উপজেলা মৎস্য অফিসার।

● পুকুরঃ

ইসলামপুর উপজেলায় মোট ১,১৫৩ টি পুকুর আছে । এ পুকুর গুলোতে বছরের সব সময় পানি থাকে না। কিন্তু অধিকাংশ পুকুর সাধারণত মাছ চাষ করা জন্য ব্যবহার করা হয় ।

ছক-২৫: উপজেলার মোট পুকুর ও ব্যবহার উপযোগী পুকুরের সংখ্যা

উপজেলায় মোট পুকুর সংখ্যা	ব্যবহার হয় কতটি	ব্যবহার হয় না কতটি	পুকুরের উপকারীতা বিষয়ে সংক্ষিপ্ত বর্ণনা
১,১৫৩টি	**১,০৩১টি**	**২২টি**	**পুকুরে মৎস্য চাষ করা হয়, পুকুরে হাঁস পালন করা, গোসল করা, কাপড় ধোয়া ও জমিতে সেচ দেওয়া যায় । মাছ বিক্রি করে প্রচুর অর্থ লাভ করা যায়।**

তথ্য সূত্রঃ উপজেলা মৎস্য অফিসার।

● খালঃ

ইসলামপুর উপজেলায় মোট ০৮টি খাল থাকলেও বর্তমানে সব কটি খাল সক্রিয় নয়। প্রাকৃতিক ও মানব সৃষ্ট কারনে অনেক খাল বিলুপ্ত হয়ে যাচ্ছে। নিচের টেবিলে বর্ণনা করা হলোঃ

ছক-২৬: উপজেলার খালের সংখ্যা এবং উপকারীতা ও অপকারীতা

ক্রঃ নং	উপজেলার মধ্যে বা পাশ দিয়ে বয়ে যাওয়া খালের নাম	খালের উপকার বিষয়ক সংক্ষিপ্ত বর্ণনা	খালের অপকার বিষয়ক সংক্ষিপ্ত বর্ণনা
	চিনার চর হতে বেনুয়ারচর	বন্যার সময় পানি কম থাকা অবস্থায় মাছ চাষ করে, এছাড়াও ফসলী জমিতে সেচ দেয়।	-
	পিরিজপুর হতে লক্ষীপুর	বন্যার সময় পানি কম থাকা অবস্থায় মাছ চাষ করে, এছাড়াও ফসলী জমিতে সেচ দেয়।	-
	পশ্চিম বামনা হতে চর শিশুয়া	বন্যার পর পানি কম থাকায় মাছ চাষ করা হয়।	-
	কাচিহারা হতে ধমকুড়া পর্যন্ত	বন্যার পর পানি কম থাকায় মাছ চাষ করা হয়।	-
	পোড়ার চর হতে মরাকান্দি	বন্যার পর পানি কম থাকায় মাছ চাষ করা হয়।	-
	লাউদত্ত হতে বামনা পর্যন্ত ৫কি.মি.	এগুলোতে বাধঁ দিয়ে মাছ চাষ করা হয়।	-
	কান্দারচর হতে সাজেলেরচর পর্যন্ত ৪কি.মি.	এগুলোতে বাধঁ দিয়ে মাছ চাষ করা হয়।	-
	গোয়ালেরচর হতে মহলগীরি	এগুলোতে বাধঁ দিয়ে মাছ চাষ করা হয়।	-

তথ্য সূত্রঃ ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের নিকট থেকে।

● বিলঃ

ছক-২৭: ইসলামপুর উপজেলায় মোট বিল ৫টি, নিম্নে টেবিলের মাধ্যমে তুলে ধরা হলো

বিলের নাম	বিলের ব্যবহার (কয় ফসল হয়, সারা বছর পানি থাকে কিনা ইত্যাদি বর্ণনা)	বিলের উপকারীতা বিষয়ক সংক্ষিপ্ত বর্ণনা
বাঁকা বিল	এক ফসল হয়, সারা বছর পানি থাকে ।	এই বিলে মাছ চাষ করা হয় ও ফসলী জমিতে সেচ দেওয়া হয়।
হলহলিয়া বিল	এক ফসল হয়, সারা বছর পানি থাকে ।	এই বিলে মাছ চাষ করা হয় ও ফসলী জমিতে সেচ দেওয়া হয়।
দেলির বিল	এক ফসল হয়, সারা বছর পানি থাকে ।	এই বিলে মাছ চাষ করা হয় ও ফসলী জমিতে সেচ দেওয়া হয়।

ভাঙ্গার বিল	এক ফসল হয়, সারা বছর পানি থাকে ।	এই বিলে মাছ চাষ করা হয় ও ফসলী জমিতে সেচ দেওয়া হয়।
খলিশাকুড়া বিল	এক ফসল হয়, সারা বছর পানি থাকে ।	এই বিলে মাছ চাষ করা হয় ও ফসলী জমিতে সেচ দেওয়া হয়।

তথ্য সূত্রঃ উপজেলা ভূমি অফিসার।

● আর্সেনিক দুষণঃ

এলাকায় অগভীর নলকূপ গুলোতে মাত্রাতিরিক্ত আয়রন থাকায় তা মানুষের খাওয়ার কাজে ব্যবহার অনুপযোগী। চৈত্র-বৈশাখ মাসে এলাকার পানির স্তর নিচে নেমে যাওয়াতে অগভীর নলকূপ-গুলোতে পানি পাওয়া যায় না এবং গভীর নলকূপ-গুলোতে পানি উঠাতে খুবই কষ্ট হয়। । আশংকা করা হচ্ছে অদূর ভবিষ্যতে গভীর নলকূপ-গুলোতেও আর্সেনিক, আয়রনমুক্ত সুপেয় পানি পাওয়া যাবে না। বাংলাদেশ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রকাশিত আর্সেনিক দূষণ মানচিত্র অনুযায়ী এ-অঞ্চলের ৫% টিউবওয়েল আর্সেনিক আক্রান্ত।

ছক-২৮: আর্সেনিক দুষণ আছে কি না এবং কত শতাংশ টিউবওয়েলে আর্সেনিক পাওয়া গেছে তার বিবরণ

আর্সেনিক দুষণ আছে কি না	দুষণের মাত্রা	কত শতাংশ টিউবওয়েলে আর্সেনিক পাওয়া গেছে	আর্সেনিকযুক্ত সবগুলি টিউবওয়েলে লাল চিহ্ন দেওয়া আছে কি না	আর্সেনিক দুষণের ফলে কি হচ্ছে
হ্যাঁ	০.১০%	৫%	না	আর্সেনিকোসেস

তথ্য সূত্রঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

ISLAMPUR UPAZILA
2 0 2 4 km
89°40'
89°44'
89°48' E
89°48'
89°52'
25° 10' N
25° 08'
25° 06'
25° 04'
25° 02'
25° 00'
FULCHHARI
SUGHATTA
SREEBARDI
SHERPUR SADAR
SARIAKANDI
MADARGANJ
DEWANGANJ
BAKSHIGANJ
MELANDAHA
ISLAMPUR
Kulkandi
Belgachha
Sapdhari
Noapara
Chinadulli
Patharsi
Palbandha
Goaler Char
Gaibandha
Char Putimari
Char Goalini
Jamuna R
Jamuna R
Old Brahmaputra R
Bangali R
Chatal R
Dashani K
Katakhali K
Bakar Beel
Kumargari Beel
Bamna Beel
Singhbhanga Beel
Hashal Beel
Paikha Beel
Bara Setrail Beel
Rayer Beel
Chilmari Beel

দ্বিতীয় অধ্যায়

দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস (বিগত ১০ বছরের)ঃ

জামালপুর জেলার দুর্যোগ ঝুঁকি-সম্পন্ন উপজেলার মধ্যে ইসলামপুর উপজেলা অন্যতম। প্রায় প্রতি বছর কোন না কোন দূর্যোগের সম্মুখীন হয় এই উপজেলা। বন্যা, নদীভাঙ্গন, খরা, অতিবৃষ্টি, কালবৈশাখী সহ বিভিন্ন আপদে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধন হয়। যমুনা ও ব্রহ্মপুত্র নদীর নাব্যতা কমে যাওয়ায় বর্ষা মৌসুমে নদীর দু-কুল ভাসিয়ে উপজেলার ব্যাপক এলাকা প্লাবিত হয়। তাছাড়া ড্রেনেজ ব্যবস্থা ভাল না থাকায় বর্ষা মৌসুমে অতিবৃষ্টির ফলে উপজেলার নিম্ন এলাকার বসত বাড়ীতে জলাবদ্ধতার সৃষ্টি করে। যা প্রায় ১৫ থেকে ১ মাস স্থায়ী থাকে। নদীর নাব্যতার ফলে এ এলাকায় বন্যা ও জলাবদ্ধতার মাত্রা বৃদ্ধি পাচ্ছে। ২০০৪ সালে ও ২০০৭ সালে দেখা গেছে উজান থেকে নেমে আসা ঢলে যমুনা নদীর পানি বৃদ্ধি পেয়ে ৩-৫ দিনের মধ্যে ইসলামপুর সহ সমগ্র জামালপুর জেলা প্লাবিত হয়ে যায়। বন্যার প্রকপে বসতবাড়ি তলিয়ে মানুষ গৃহহারা হয়ে যায়, শ্রোতের প্রকপে আধা কাঁচা ও কাঁচা ঘরবাড়ি বিলিন হয়ে যায়, ক্ষেতের ফসল ডুবে নষ্ট হয়ে যায়, রাস্তাঘাট সহ সকল ধরনের অবকাঠামোর ক্ষতি হয়, সার্বিকভাবে জনজীবন বিপন্ন হয়ে উঠে। ইসলামপুরের সমগ্র এলাকায় দূর্যোগের ঘোষণা করা হয় এবং সরকারী ও বেসরকারীভাবে উদ্ধার, ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করা হয় ।

দুর্যোগের ক্ষতির পরিমান ঘটার সময় এবং ক্ষতিগ্রস্থ খাতসমূহ ছক আকারে নিম্নে দেয়া হলোঃ

ছক-২৯: দুর্যোগের ক্ষতির পরিমান ঘটার সময় এবং ক্ষতিগ্রস্থ খাতসমূহ

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ (টাকা)	কোন্ কোন্ খাত/উপাদান ক্ষতিগ্রস্ত হয়
বন্যা	২০০১, ২০০৩, ২০০৪, ২০০৭, ২০১০,২০১৩	আনুমানিক প্রায় ১৩৮ কোটি	কৃষি, মৎস্য, ঘরবাড়ী, রাস্তা, ব্রীজ, আসবাপত্র, স্বাস্থ্য ইত্যাদি
নদী ভাঙ্গন	২০০১, ২০০৩, ২০০৫, ২০০৭, ২০০৯,২০১১,২০১২, ২০১৩	আনুমানিক প্রায় ৯৭ কোটি	ফসলী জমি, ঘরবাড়ী, রাস্তা, ব্রীজ, শিক্ষা, প্রতিষ্ঠান ইত্যাদি
কালবৈশাখী	২০০১, ২০০৩, ২০০৬, ২০০৯, ২০১১	আনুমানিক প্রায় ৭ কোটি, ২২ লাখ	কৃষি, ঘরবাড়ী, গাছপালা, ফসল, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি
খরা	২০০৬, ২০০৭, ২০১০	আনুমানিক প্রায় ১৫ কোটি, ৭ লক্ষ	ঘরবাড়ি, গাছপালা
অতিবৃষ্টি	২০০৯	আনুমানিক প্রায় ১ কোটি ২ লক্ষ	জীবন ও জীবিকা, রবিশষ্য, সবজি, রাস্তাঘাট
কুয়াশা ও শৈতপ্রবাহ	২০০৯, ২০১০, ২০১১, ২০১২	আনুমানিক প্রায় ৮৩ লক্ষ	জীবন ও জীবিকা, রবিশষ্য, সবজি, স্বাস্থ্য

তথ্য সুত্রঃ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান

২.২ উপজেলার আপদ সমুহঃ

ছক-৩০: দুর্যোগের ক্ষতির পরিমান, ঘটার সময় এবং ক্ষয়ক্ষতি এবং খাত সমুহ নিম্নে ছকের মাধ্যমে দেওয়া হলঃ

ক্রম #	আপদ	ক্রম #	অগ্রাধিকার
১	নদী ভাঙ্গন	১	বন্যা
২	বন্যা	২	নদী ভাঙ্গন
৩	ঘূর্ণিঝড়/ কালবৈশাখী	৩	কালবৈশাখী
৪	খরা	৪	কুয়াশা ও শৈত্যপ্রবাহ
৫	কুয়াশা ও শৈত্যপ্রবাহ	৫	খরা
৬	অতিবৃষ্টি	৬	অতিবৃষ্টি

তথ্য সুত্রঃ এফজিডি, এলাকার জনসাধারণ ও ইউনিয়ন পরিষদ।

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বিস্তারিত বর্ণনাঃ

১. **বন্যাঃ** ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা ইসলামপুর উপজেলা । আষাঢ় মাস হতে কার্তিক মাস পর্যন্ত বন্যা অব্যহত থাকে। যার ফলে এলাকার কৃষি, মৎস্য অবকাঠামো, আবাসন, শিক্ষা, যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয় । প্রতি বৎসর বন্যা হলেও ১৯৮৮, ১৯৯৮, ২০০৩, ২০০৪ এবং ২০০৭ সালের বন্যা ছিল সবচেয়ে বড়। বন্যার পানি সাধারণত ২০-২৫ দিন পর্যন্ত অবস্থান করে, ২০০৭ সালে ১ মাসেরও বেশী স্থায়ী ছিল। ২০০৭ সালে বন্যার সংকেত পাওয়ার ২ দিনের মধ্যে সমগ্র এলাকা প্লাবিত হয়ে যায় এবং মানুষ, গবাদীপশু অন্যত্র আশ্রয় নিতে শুরু করে।

২. **নদীভাঙ্গনঃ** ইসলামপুর উপজেলায় নদীভাঙ্গন সাধারণত কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, ইসলামপুর সদর, গাইবান্ধা ইউনিয়নে বেশি পরিলক্ষিত হয় । প্রতি বৎসর নদীভাঙ্গন অব্যহত থাকে। নদীভাঙ্গন হয় আষাঢ় মাস হতে আশ্বিন মাস পর্যন্ত। যার ফলে এলাকার কৃষি ফসল, ঘরবাড়ী, রাস্তাঘাট, গাছপালা ব্যপক হারে যমুনা ও ব্রহ্মপুত্র নদীর গর্ভে বিলিন হয়ে যায়। ফলে খাদ্য উৎপাদন ব্যহত হয়, মানুষ আশ্রয়হীন হয় এবং পরিবেশের ক্ষতি হয় । এছাড়া বিভিন্ন এলাকার সাথে যোগাযোগ বন্ধ হয়ে যায় এবং বহু আবাসস্থল বিলীন হয়ে যায় ।

৩. **শৈত্যপ্রবাহ ও কুয়াশাঃ** ২০০০ সালের পর থেকে অত্র এলাকায় প্রতিবছর শৈত্যপ্রবাহ ও ঘন কুয়াশার প্রকপ দেখা যায়। প্রতিবছরই প্রায় ১০-১৫ দিন এর প্রভাব থাকে। শৈত প্রবাহের ফলে জন-জীবন তথা বৃদ্ধ/বৃদ্ধা, শিশু ও প্রতিবন্ধীদের বেশী ক্ষতি হয়। এসময় তীব্র শীতে জনজীবন বিপর্যস্ত হয়, এমনকি মানুষের প্রাণ হানি ঘটে। ঘন কুয়াশার কারণে ফসলের ব্যাপক ক্ষতি হয়। বীজ তলা নষ্ট হয়ে যায়, রাস্তাঘাটে দুর্ঘটনা ঘটতে দেখা যায়, মানুষ, পশুপাখি ও মাছের রোগবালাই বৃদ্ধি পায় এবং কৃষক ব্যপক আর্থিক ক্ষতির সম্মুখিন হয়। জলবায়ূ পরিবর্তনের ফলে জামালপুর জেলায় প্রতি বছরই শীতের প্রকপ বৃদ্ধি পাচ্ছে।

৪. **কালবৈশাখীঃ** সাধারণত চৈত্র-বৈশাখ মাস থেকে জৈষ্ঠ্য মাস পর্যন্ত কালবৈশাখী ঝড় হয়ে থাকে । ঝড়ে এলাকার ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয় । গাছপালা, পশুপাখি, ঘরবাড়ী, রাস্তাঘাট ও শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষতি হয় । এই কাল বৈশাখী ঝড়ে পঙ্গুত্ব বেড়ে যায়। মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে। বিশেষ করে শিশু ,বৃদ্ধ ,ও প্রতিবন্ধী ও গর্ভবতীদের বেশি ক্ষয়ক্ষতি হয় । যার ফলে এলাকায় কৃষি, মৎস্য, অবকাঠামো, স্বাস্থ্য ও যোগাযোগ প্রভৃতি খাতের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এলাকায় প্রতিবছর ঘূর্ণিঝড় হলেও ২০০৬ ও ২০০৯ সালের ঝড় ছিল সবচেয়ে ব্যাপক। ২০০৬ ও ২০০৯ সালের ঝড়ে এলাকার প্রায় ৪০-৫০ ভাগ আমন ধান, ২০ -৩০ ভাগ ফলের বাগান ও ৬০ ভাগ শাক-সবজি ক্ষতিগ্রস্ত হয়েছিল।

৫. **অতিবৃষ্টিঃ** অতি বৃষ্টির ফলে কৃষি ফসল, পশু-পাখি ও গাছপালার বেশি ক্ষতি হয় এবং মানুষের স্বাভাবিক চলাচল ব্যহত হয়। জলবায়ুর পরিবরর্তনের ফলে বৃষ্টিপাতের পরিমান কমে গেলেও প্রতি ২/৩ বছর পর পর অতি বৃষ্টি হয়ে থাকে।

৬. **খরাঃ** খরার প্রবণতা ফাল্গুন মাসের মাঝামাঝিতে শুরু হয় এবং তা চৈত্র ও বৈশাখ মাস পর্যন্ত বেশী থাকে, আবার জৈষ্ঠ্য মাসের তৃতীয় সপ্তাহে তা শেষ হয় । অত্যাধিক খরায় উক্ত এলাকার কৃষি ফসলের ক্ষতি ও গবাদী পশুর খাদ্যের সংকট দেখা দেয়। খরার প্রভাব প্রতিবছরই কিছু কিছু বেড়ে চলেছে। ফসলের ক্ষতির পাশাপাশি মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে এবং পুকুর শুকিয়ে গিয়ে মাছ চাষের ব্যাপক ক্ষতি হয়, পাশাপাশি দৈনন্দিন ব্যবহারের পানির সংকট দেখা দেয়।

● ২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতাঃ

বিপদাপন্নতা বলতে বোঝায় বস্তুগত, আর্থ-সামাজিক এবং পরিবেশগত বিদ্যমান অবস্থা, যা দুর্যোগের ক্ষয়ক্ষতির আশংকার ইঙ্গিত দেয় এবং যা মোকাবেলা করায় জনগোষ্ঠী অসমর্থ হয়ে থাকে।

সক্ষমতা হলো প্রাকৃতিক, সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশ ইত্যাদির সমন্বয়ে সৃষ্ট সামগ্রিক অবস্থা বা প্রক্রিয়া, যা মানুষ বা কোনো সংস্থা/প্রতিষ্ঠান তার বিদ্যমান সম্পদের ব্যবহারের মাধ্যমে দুর্যোগের প্রতিকুল অবস্থার সর্বোচ্চ মোকাবিলা করে এবং দুর্যোগের ফলাফলের ভায়াবহতাকে হ্রাস করে।

ছক- ৩১: কোন কোন এলাকা কি কি কারণে কিভাবে বিপদাপন্ন তার বিবরণ

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
বন্যা	• শিশু, বৃদ্ধ ও গর্ভবতীর চলাচলের সমস্যা হয় • খাবারের সমস্যা হয় • শিশু খাবারের সমস্যা হয় • নিরাপদ পানির অভাব হয় • মানুষের বিভিন্ন রোগ বালাই দেখা দেয় • যোগাযোগ বিচ্ছিন্ন হয় • মৃত দেহের সৎকারেরর সমস্যা হয় • স্বাস্থ্য সম্মত পায়খানার সমস্যা হয় • ঘর বাড়ী, বসতভিটা ডুবে যায় • ফসলের ক্ষতি হয় • গবাদী পশুর খাবার, স্থানান্তরের সমস্যা ও রোগব্যাধী দেখা দেয় • শিক্ষা কার্যক্রম ব্যহত হয় • আশ্রয় কেন্দ্রের সমস্যা	• এলাকার মানুষ পূর্বের তুলনায় বন্যা বিষয়ে অনেক সচেতন • যে কোন স্থানে দ্রুত যোগাযোগের মাধ্যম আছে। • যোগাযোগ মাধ্যম সক্রিয় • অনেকের বন্যা মোকাবেলায় নিজস্ব সক্ষমতা রয়েছে • আবহাওয়া বার্তা যথাসময়ে পৌছে দেয়ার ব্যবস্থা আছে
নদীভাঙ্গন	• আশ্রয় নেয়ার জায়াগা পায় না • রাস্তাঘাট ভেঙ্গে যায় • বেকারত্ব/দারিদ্রতা বেড়ে যায় • বাড়ী ঘর নদীর মধ্যে চলে যায় • ফসলের জমি নদীর মধ্যে চলে যায় • খাবার সংকট দেখা দেয় • ডাক্তার বা চিকিৎসা সেবা পেতে সমস্যা হয়	• আগে থেকেই এলাকার মানুষ নদী ভাঙ্গনের লক্ষণ বুঝতে পারে • নদী ভাঙ্গন প্রতিরোধের জন্য এই উপজেলায় অবদা ও বেরি বাধঁ নির্মান করা হয়েছে। • নদী ভাঙ্গন-জনিত সমস্যার সাথে নিজেরা খাপ খাইয়ে নিতে শিখেছে

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	• শিক্ষা প্রতিষ্ঠান ভেঙ্গে যাওয়ায় পড়া লেখা বন্ধ হয়	
খরা	• পানির অভাব দেখা দেয় • গাছপালা মারা যায় • গবাদী পশুর খাবারের সংকট হয় • মাছ চাষের সমস্যা হয় • প্রাণী কূলের মৃত্যু হয় • ফসল পুড়ে নষ্ট হয়ে যায় • গরমের প্রভাবে বিভিন্ন রোগ বালাই দেখা দেয়	• পানি সরবরাহের জন্য গভীর নলকূপের ব্যবস্থা রয়েছে।
অতিবৃষ্টি	• রাস্তা ঘাট ডুবে যায় • রাস্তা ঘাট ভেঙ্গে যায় • ফসল নষ্ট হয় • পানি জমে জলাবদ্ধতা সৃষ্টি হয়	• কিছু পানি নিষ্কাশনের ব্যবস্থা রয়েছে • ঘরে বসে কাজ করা মতো কিছু কর্মসংস্থানের ব্যবস্থা রয়েছে
কালবৈশাখী ঝড়	• ফসল মাটিতে পরে ক্ষতি হয় • ঘর বাড়ী গাছপালা ভেঙ্গে যায় ও পরিবেশের ক্ষতি হয় • প্রাণ হানি ঘটে • মানুষ ও পশু পাখির ক্ষতি হয় • আগুন লেগে যায় • পঙ্গুত্ব বেড়ে যায় • বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় • শিক্ষা প্রতিষ্ঠান ভেঙ্গে গিয়ে শিক্ষা কার্যক্রম ব্যহত হয়	• পূর্বের তূলনায় মানুষ এখন সচেতন • পর্যায়ক্রমে গাছপালা লাগানো হচ্ছে • বাড়ির চারপাশে গাছপালা লাগানোর ব্যবস্থা করা হয়েছে • যোগাযোগ ব্যবস্থা ও যোগাযোগ মাধ্যম পূর্বের তুলনায় অনেক উন্নত • শেল্টার রয়েছে • আবহাওয়া বার্তা যথাসময়ে পৌঁছে দেয়ার ব্যবস্থা আছে
শৈত্যপ্রবাহ ও কুয়াশা	• পশু সম্পদের ক্ষতি হয় • কাজে যেতে না পারায় কাঁসারী শিল্পের উৎপাদন কম হয় • প্রাণ হানি ঘটে • পোল্ট্রি সম্পদের ক্ষতি হয় • ফসলের ক্ষতি হয় • রোগ বালাই বৃদ্ধি পায় • বীজতলা নষ্ট হয়	• শিশুদের নিউমনিয়ার টিকা প্রদানের ব্যবস্থা আছে • পোল্ট্রি চাষের জন্য ঘরে তাপ মাত্রা বৃদ্ধির ব্যবস্থা করা হচ্ছে • সরকারী ও বেসরকারীভাবে গরীবদের মাঝে কিছু শীত বস্ত্র বিতরণ করা হয়ে থাকে।

তথ্য সূত্রঃ সকল ইউপি চেয়ারম্যান

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকাঃ

ছক-৩২: কোন কোন গ্রাম কি কি কারণে কিভাবে সর্বাধিক বিপদাপন্ন তার সংক্ষিপ্ত বর্ণনা

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
বন্যা	ইউনিয়নঃ কুলকান্দি; ওয়ার্ড নং ১, ২, ৩, ৪ ইউনিয়নঃবেলগাছা; ওয়ার্ড নং ৩, ৪, ৫, ৬, ৭ ইউনিয়নঃচিনাডুলী ; ওয়ার্ড নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ইউনিয়নঃ সাপধরী; ওয়ার্ড নং ১, ৫, ৯ ইউনিয়নঃনোয়ারপাড়া; ওয়ার্ড নং ২, ৪, ৭, ৮, ৯ ইউনিয়নঃইসলামপুর; ওয়ার্ড নং ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ইউনিয়নঃ পার্থশী; ওয়ার্ড নং ১, ২, ৫, ৭, ৮, ইউনিয়নঃপলবান্ধা; ওয়ার্ড নং ১, ৩, ৫, ৬ ইউনিয়নঃ গোয়ালেরচর; ওয়ার্ড নং ১, ৩, ৫, ৬, ৭, ৯ ইউনিয়নঃগাইবান্ধা; ওয়ার্ড নং ১, ২, ৫, ৯ ইউনিয়নঃ চরপুঠিমারী; ওয়ার্ড নং ১, ৩, ৭, ৮, ৯ ইউনিয়নঃ চরগোয়ালিনী; ওয়ার্ড নং ৩, ৫, ৭, ৮, ৯	• এলাকা নিচু • বসতভিটা নিচু • বন্যার আগাম সংকেত না পাওয়া • বাঁধ সংস্কার না করা • আবাদী জমি নিচু • বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নেই • বন্যা সহনশীল জাতের চাষাবাদ সম্পর্কে ধারণা নেই • বন্যা সময়ের পরিবর্তন	প্রায় ৫৭, ০০০ পরিবার
নদীভাঙ্গান	ইউনিয়নঃকুলকান্দি; ওয়ার্ড নং ৩, ৪, ৫, ২ ইউনিয়নঃবেলগাছা; ওয়ার্ড নং ৪, ৫, ৬, ৭ ইউনিয়নঃচিনাডুলী; ওয়ার্ড নং ১, ৩, ৪, ৫, ৭, ৮ ইউনিয়নঃসাপধরী; ওয়ার্ড নং ২, ৫, ৮ ইউনিয়নঃ নোয়ারপাড়া; ওয়ার্ড নং ১, ২, ৪, ৭, ৮ ইউনিয়নঃ পার্থশী; ওয়ার্ড নং ১, ২ ইউনিয়নঃ পলবান্ধা; ওয়ার্ড নং ১, ৩, ৫, ৬	• বাঁধ না হওয়ার কারনে • নদীর গভীরতা কম • সঠিক সময়ে নদী খনন না করা • বাঁধ মেরামত না করা • আগাম সতর্ক সংকেত না	প্রায় ৩১, ০০০ পরিবার

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
	ইউনিয়নঃগোয়ালেরচর; ওয়ার্ড নং ৩, ৪, ৫, ৬, ৭ ইউনিয়নঃ গাইবান্ধা; ওয়ার্ড নং ১, ৬, ৯ ইউনিয়নঃ চরপুঠিমারী; ওয়ার্ড নং ১, ৮, ইউনিয়নঃগোয়ালিনী; ওয়ার্ড নং ৩, ৫, ৭	পাওয়ার কারনে ● প্রয়োজনীয় বেরী বাঁধ না থাকায় ● ঢেউয়ের আঘাতে নদীর পাড় ভেঙ্গে ● নদীর স্বাভাবিক গতি বাধা গ্রস্থ হলে ● নদীর গতিপথ পরিবর্তন হলে ● নদীর আকার নদী ভাঙ্গনের কারণ ● পলি পড়ে নদী ভরাট হলে ● পাড়ের ওপর অতিরিক্ত চাপ পড়ে ● অতিবৃষ্টি হয়ে ● গাছ ও বনাঞ্চল নিধনের ফলে ● চরের গাছ ও কাঁশবন ধ্বংসের ফলে	
খরা	চর ব্যতীত সকল ইউনিয়ন	● পুকুর, নদী-নালা, খাল-বিলের গভীরতা কম থাকায় ● পানির স্তর নিচে নেমে যাওয়া ● বিকল্প সেচের অভাব ● প্রচন্ড রোদের তাপ ● গভীর নলকূপ পর্যাপ্ত না থাকায় ● বৃষ্টির পানি সংরক্ষণের ব্যবস্থা না থাকা ● পর্যাপ্ত গাছ পালা না থাকায় ● খরা সহনশীল জাতের ফসল সম্পর্কে ধারণা না থাকা ● বৃষ্টির অভাব	৫০, ০০০ পরিবার
কালবৈশাখী ঝড়	উপজেলার সমগ্র ইউনিয়ন	● দুর্বল ঘর বাড়ী ● আর্থিক সক্ষমতা না থাকা ● শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো দুর্বল ● কালবৈশাখী সহনশীল গাছপালা না থাকা ● ঘর বাড়ী নিয়মিত মেরামত না করা ● ঝড়ের পূর্বাভাস না পাওয়া ● শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ পরিকল্পনার অভাব ● পরিকল্পনা ছাড়া বাড়ী করা	প্রায় ৬০ হাজার পরিবার
শৈত্যপ্রবাহ ও কুয়াশা	উপজেলার সমগ্র ইউনিয়ন	● গাছপালা না থাকার কারণে ● নদীর তীরবর্তী এলাকায় অবস্থান হওয়ায় কুয়াশা ও শৈত্যপ্রবাহ বেশী প্রভাব ফেলে।	প্রায় ৬০ হাজার পরিবার

তথ্য সূত্রঃ ইউপি সদস্যগণ

২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকার মানচিত্রঃ



২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমূহঃ

উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয় কাজের ব্যাপারে অতীত ও বর্তমান অবস্থা সম্বন্ধে তথ্য সংগ্রহ করে এবং ভবিষ্যতের পূর্বাভাস ঠিক করে কর্মপন্থা স্থির করা প্রক্রিয়ার ফল হচ্ছে উন্নয়ন পরিকল্পনা।

ছক-৩৩ : খাতসমূহের বিস্তারিত বর্ণনা ও ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়

খাতসমূহ	আপদ	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	**বন্যা**	২০০৪ ও ২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে, ইসলামপুর উপজেলার পৌরসভা-সহ ১২টি ইউনিয়নের ২০,০০০ একর জমির ফসল পানিতে ডুবে ৩৫,০০০ পরিবার আর্থিক ভাবে ক্ষতির সম্মুখিন হতে পারে। সেই সাথে এলাকায় খাদ্য সংকট দেখা দিতে পরে।	• কৃষি খাতে উন্নয়নের জন্য পানি নিষ্কাশন ও পানি সরবরাহের ব্যবস্থা করতে হবে। • বন্যা সহনশীল জাত ফসলের চাষাবাদের প্রচলন করতে হবে। • আগাম ফসল চাষাবাদ করতে হবে।
	নদীভাঙ্গন	প্রতিবছরের ন্যায় নদীভাঙ্গনের প্রভাবে ইসলামপুর উপজেলায় কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, পার্থশী, পলবান্ধা, গোয়ালেরচর, গাইবান্ধা, চরগোয়ালিনী, চরপুঠিমারী ইউনিয়নে ১৮,৫০০ একর বসতভিটা-সহ আবাদী জমী নদী গর্ভে বিলীন হয়ে ঐ এলাকার গ্রাম গুলোর ৪০,০০০ পরিবার ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।	
	খরা	খরার কারণে ইসলামপুর উপজেলায় পৌরসভ ও ১২টি ইউনিয়নের ১৫,৮০০ একর জমির ফসল যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল পানির অভাবে পুড়ে যেতে পারে। এবং এর প্রভাবে ঐ গ্রাম গুলোর ৫০,০০০ পরিবারের খাদ্যের সমস্যা দেখা দিতে পারে।	
	কালবৈশাখী	২০০৯ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে, ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের প্রায় ২৪,৮০০ একর জমির ফসল যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল বিনষ্ট হতে পারে । যার প্রভাবে ঐ সকল ইউনিয়নের মানুষের খাদ্যের সংকট দেখা দিতে পারে এবং পরবর্তীতে কৃষি বীজের অভাব দেখা দিতে পারে।	
মৎস্য	**বন্যা**	২০০৭ সালের মত আবার বন্যা হলে, ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের ৪৪৭টি পুকুর ও খালের পাড় ভেসে ছোট বড় পোনা সহ মাছ চলে যেতে পারে । যার প্রভাবে ঐ এলাকায় মাছের সংকট ও পরবর্তীতে মাছ চাষের জন্য পোনা মাছের সংকট দেখা দিতে পারে এবং ঐ এলাকার প্রতিটি গ্রামের মৎস্য চাষী ও জেলে পরিবার আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে।	মৎস্য চাষীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা ৩ স্তর বিশিষ্ট মৎস্য চাষ করা টেকশই পুকুর প্রস্তুত করা জন্য সচেতনতা বৃদ্ধি করা
	নদীভাঙ্গন	নদীভাঙ্গনের প্রভাবে, ইসলামপুর উপজেলায় কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, পার্থশী, পলবান্ধা, গোয়ালেরচর, গাইবান্ধা, চরগোয়ালিনী, চরপুঠিমারী ইউনিয়ন, সবমিলিয়ে প্রায় ৫০০ টি পুকুর নদী গর্ভে বিলীন হয়ে ঐ এলাকার প্রতিটি মৎস্য চাষী ও জেলে পরিবার আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে ।	
	খরা	খরার কারণে ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২ টি ইউনিয়নের ৩০০টি পুকুরের পানি শুকিয়ে মাছ চাষের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে, সেই সাথে এলাকায় মাছের ঘাটতি দেখা দিতে পারে ।	
	অতিবৃষ্টি	২০০৬ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের ৭৮০টি পুকুরের মাছ খাল বিলে বের হয়ে মৎস্য চাষীদের ব্যাপক ক্ষতি করতে পারে ।	
পশুসম্পদ	**বন্যা**	২০০৭ সালের মত আবার বন্যা হলে, ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের গরু, ছাগল, ভেড়ার খাদ্যাভাব-সহ জীবন ঝুঁকির সম্ভবনা রয়েছে এবং যার ফলে ঐ এলাকার পশুপালন ব্যাহত হতে পারে ।	পশুখাদ্য তৈরির জন্য মিল তৈরি করা জন্য উদ্বুদ্ধ করা পশুর টিকা সরবরাহ নিশ্চিত করা সরকারী পতিত জমিতে গবাদি পশুর চরনভুমি তৈরি করা পাশাপাশি জমিতে সমন্বিত পাতি-হাঁস, মৎস্য, সবজি চাষ করা
	খরা	২০০৬ সালের মত আবার খরা হলে এবং বর্তমানের চলমান রের্কড পরিমান খরা অব্যাহত থাকলে, ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নে খরার প্রচন্ড তাপে মাঠ ঘাটের ঘাস পুড়ে গিয়ে পশু খাদ্যের অভাব দেখা দিতে পারে এবং বিভিন্ন রোগ বালাই দেখা দিতে পারে। যার প্রভাবে পশু সম্পদের ব্যাপক ভাবে ক্ষতি হতে পারে।	
	কালবৈশাখী	২০০৯ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে ইসলামপুর উপজেলায় গবাদীপশু সহ অন্যান্য পশুপাখি মারা যেতে পারে এবং আহত হতে পারে। ফলে ঐ সকল ইউনিয়নে পশু পালনে মানুষের আগ্রহ কমে যেতে পারে।	
	অতিবৃষ্টি	২০০৯ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে, ইসলামপুর উপজেলার সবকটি ইউনিয়নের প্রায় নিচু এলাকার মাঠ, ঘাট তলিয়ে গিয়ে পশু খাদ্যের অভাব দেখা দিতে পারে । যার প্রভাবে পশুর মৃত্যু ও বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে।	
স্বাস্থ্য	**বন্যা**	২০০৭ সালের মত আবার বন্যা হলে ইসলামপুর উপজেলার ৩৫,০০০ পরিবারের বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী ও শিশুর পানি বাহিত রোগ দেখা দিয়ে স্বাস্থ্যের উপর ক্ষতিকর প্রভাব পড়তে পারে এমনকি মৃত্যুও হতে পারে ।	প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ নিশ্চিত করা

খাতসমূহ	আপদ	বিস্তারিত বর্ণনা	দুর্যোগ ঝুঁকি হ্রাসের সাথে সমন্বয়
	খরা	খরার কারণে ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের প্রতিবন্ধী, গর্ভবতী ও শিশুসহ সকল শ্রেনীর মানুষের বিভিন্ন ধরনের রোগ বালাই দেখা দিয়ে মানুষের জীবন নাশ করতে পারে।	• স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা • পর্যাপ্ত টিকা ও প্রতিশোধকের ব্যবস্থা করা • বেশী করে গাছ পালা লাগানো • শীত বস্ত্র বিতরণ করা
	শৈত্যপ্রবাহ ও কুয়াশা	প্রতি বছর এভাবে শৈত্য প্রবাহ ও ঘন কুয়াশা বাড়তে থাকলে মানুষ ও পশু পাখির রোগবালাই বৃদ্ধি পেতে পারে। বিশেষ করে প্রবল শীতে শিশু, বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিরা বেশী আক্রান্ত হতে পারে। ঘন কুয়াশার কারণে ফসলের ক্ষয় ক্ষতি বৃদ্ধি পেতে পারে।	
জীবিকা	**বন্যা**	২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে ইসলামপুর উপজেলার বিভিন্ন পেশাজীবি শ্রেণীর লোকের কর্মসংস্থান হারিয়ে বেকারত্ব জীবন কাটাতে পারে, যার ফলে ঐ সকল গ্রামের প্রতিটি পরিবার ব্যাপক ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হতে পারে এবং এর প্রভাবে ঐ এলাকার প্রতিটি মানুষের জীবন উন্নয়নের পথে বাঁধার সৃষ্টি হতে পারে।	• টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করা লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা • টেকসই বিকল্প জীবিকা সৃষ্টি করা • মহিলাদের জন্য বসতবাড়ীতে আয়ের ব্যবস্থা করা • জনগোষ্টি ভিত্তিক বনায়ন সৃষ্টি করা • সমাজিক খাদ্য নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি করা
	নদীভাঙ্গন	২০১১ সালের মত আবার নদীভাঙ্গন দেখা দিলে ইসলামপুর উপজেলায় সকল এলাকার প্রতিটি গ্রামের মৎস্য চাষী, জেলে, ব্যবসায়ী, দিনমজুর, চাকুরীজীবি, বিভিন্ন পেশার মানুষ আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মূখিন হতে পারে এবং জীবন জীবিকার উপর প্রভাব পড়তে পারে।	
	খরা	২০০৬ সালের মত আবার খরা দেখা দিলে ইসলামপুর উপজেলার ১২ টি ইউনিয়নের প্রায় ৩৫,০০০ পরিবারে জীবন ও জীবিকার উপর প্রভাব পড়ে খাদ্যের সমস্যা দেখা দিতে পারে।	
	অতিবৃষ্টি	২০০৯ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে, ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নের প্রায়-নিচু এলাকার মাঠ, ঘাট, আবাদি জমি, কাঁসারী কারখানা ইত্যাদি অতিবৃষ্টিতে জলাবদ্ধতা হয়ে দিনমুজুরী, ব্যবসায়ী, কাঁসারী কারিগর-শ্রেণীর পেশাজীবি মানুষের কর্মসংস্থান হারিয়ে আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। যা জীবন ও জীবিকার পথে বাঁধার সৃষ্টি করতে পারে।	
গাছপালা	**বন্যা**	২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে, ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নে কাঠ, ফল ইত্যাদির অভাব দেখা দিতে পারে ।	-রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা; -বাড়ির আশে পাশে বৃক্ষ রোপণ করা জন্য জনগণকে উৎসাহিত করা; -পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা; -অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করা জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা। -প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মাণ করা -স্লুইজগেট নির্মাণ করা *-পর্যাপ্ত ফ্লাড সেল্টার নির্মাণ করা*
	খরা	খরা দেখা দিলে ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নে ব্যাপক গাছপালা বিনষ্ট হতে পারে। যার ফলে ঐ এলাকার পরিবেশ ও মানুষের আর্থিক ক্ষতি হতে পারে।	
	কালবৈশাখী	২০০৯ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে ইসলামপুর উপজেলার গাছপালা ভেঙ্গে গিয়ে বিনষ্ট হতে পারে। যার ফলে ঐ এলাকার পরিবেশ ও মানুষের আর্থিক ক্ষতি হতে পারে।	
অবকাঠামো	**বন্যা**	ইসলামপুর উপজেলাতে ২০০৭ সালের মত বন্যা হলে ইসলামপুর উপজেলার বিশেষ করে রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান ও হাটবাজারের আংশিক কিংবা সম্পূর্ণ বিনষ্ট হতে পারে। ফলে এলাকার মানুষ শিক্ষা, স্বাস্থ্যসেবা ও অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হতে পারে।	
	নদীভাঙ্গন	প্রতি বছরের ন্যায় নদীভাঙ্গন দেখা দিলে ইসলামপুর উপজেলার রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান ও হাটবাজার নদী গর্ভে বিলিন হয়ে যেতে পারে। সব মিলে এই উপজেলায় প্রায় ২৫, ০০০ পরিবার ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।	
	কালবৈশাখী	ইসলামপুর উপজেলাতে কালবৈশাখী ঝড় হলে ২০০৯ সালের মত আঘাত হানলে শিক্ষা প্রতিষ্ঠান, ঘরবাড়ি এবং ব্যবসা প্রতিষ্ঠানের আংশিক কিংবা সম্পূর্ণ বিনষ্ট হতে পারে।	
কাঁসারী শিল্প	**বন্যা**	২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে ইসলামপুর উপজেলার কাঁসারী/নকশী কাঁথা শিল্প পানিতে ডুবে কাঁসারী/নকশী কাঁথা শিল্পের সাথে সম্পৃক্ত ১,৫০০ পরিবার ব্যাপক ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হতে পারে।	• কাঁসারী ঘর উঁচু স্থানে স্থাপন করা • ক্লাস্টার ভিত্তিক কাঁসারী কারখানা করা • কাঁসারীদের ঋণের ব্যবস্থা করা • নদীর তীরবর্তী এলাকা থেকে কাঁসারী কারখানা সরিয়ে নিয়ে নিরাপদ স্থানে স্থাপন করা
	নদীভাঙ্গন	২০০৭ সালের মত আবার নদীভাঙ্গন দেখা দিলে ইসলামপুর উপজেলায় প্রায় ৩০-৪০টি কাঁসারী পরিবার আংশিক ও মারাত্তকভাবে ক্ষতির সম্মুখিন হতে পারে ।	
	অতিবৃষ্টি	২০০৯ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নের কাঁসারী পরিবার ও কাঁসারীর সাথে সম্পৃক্ত পরিবারগুলি আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে।	

তথ্য সূত্রঃ ইউপি সদস্য

২.৭ সামাজিক মানচিত্র



২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র



২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জিঃ

ছক-৩৫: কোন কোন আপদ কোন কোন মাস গুলোতে আঘাত করতে পারে তা সংক্ষিপ্তাকারে তুলে ধরা হলো

ক্রমিক	আপদসমূহ	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১	বন্যা												
২	নদীভাঙ্গন												
৩	খরা												
৪	কালবৈশাখী/ঝড়												
৫	শিলাবৃষ্টি												
৬	শৈত্যপ্রবাহ ও কুয়াশা												

দিনপঞ্জি বিশ্লেষণঃ

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন্ কোন্ মাসে সংগঠিত হয় এবং কোন কোন মাসের প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। প্রি-সিআরএ কাজের অংশ হিসেবে অংশগ্রহণকারীদের সাথে আলোচনার মাধ্যমে জানা যায়ঃ

বন্যা ইসলামপুর তথা জামালপুর জেলার অন্যতম প্রধান আপদ। বন্যা এই এলাকার ঘরবাড়ি, যোগাযোগ ব্যবস্থা ও জীবন জীবিকার ব্যাপক ক্ষতি করে। এটি জুলাই মাসের মাঝামাঝি থেকে আগষ্ট মাসের মাঝামাঝি পর্যন্ত থাকে ।

ইসলামপুর উপজেলার ঘরবাড়ি, রাস্তাঘাট, সামাজিক ও শিক্ষাপ্রতিষ্ঠানসহ ফসল ও গবাদিপশু নদীভাঙ্গনে প্রতি বছর বিলীন হয়ে যাচ্ছে। এখানে নদীভাঙ্গন ঘটে মার্চ মাসের মাঝামাঝি থেকে অক্টোবর মাস পর্যন্ত।

শৈত্যপ্রবাহ এ অঞ্চলের একটি অন্যতম সমস্যা। যমুনা ও ব্রহ্মপুত্র নদী তীরবর্তী এলাকা বিধায় এখানে কুয়াশা ও শৈত্য প্রবাহের প্রভাব বেশী, এছাড়া উত্তরের হিমালয়ের থেকে আশা শৈত্য আবহাওয়া এ অঞ্চলে অনেক অসুখ- বিসুখের প্রভাব বিস্তার করে।

কালবৈশাখী /ঘূর্ণিঝড় আর একটি মারাত্মক আপদ। ঘূর্ণিঝড় এই এলাকার ঘরবাড়ি, যোগাযোগ ব্যবস্থা ও গাছপালার ব্যাপক ক্ষতি করে। এটি মার্চ মাসের মাঝামাঝি থেকে মে মাসের মাঝামাঝি পর্যন্ত এবং সেপ্টেম্বর মাসের মাঝামাঝি থেকে ডিসেম্বর মাসের মাঝামাঝি সময়ের মধ্যে ঘটে থাকে।

ইসলামপুর উপজেলার খরা সংঘঠিত আপদের মধ্যে একটি। খরার কারণে এখানকার অনেক ফসল সেচের অভাবে নষ্ট হচ্ছে। আবার যেগুলো কোনো মতে হচ্ছে তাতেও পর্যাপ্ত পানির অভাবে ফলন কমে যাচ্ছে। আবার এই খরার কারণে সংরক্ষিত পুকুরের পানি শুকিয়ে যাওয়ায় এবং ভূগর্ভস্থ পানির স্তর নিচের দিকে নেমে যাওয়ায় দেখা দিচ্ছে পানীয় জলের চরম সঙ্কট। জুন মাস থেকে এপ্রিল মাস পর্যন্ত এই এলাকাতে খরা দেখা যায়।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জিঃ

ছক-৩৬: কোন কোন মাসে জীবিকার বা কর্মসংস্থানের কি অবস্থা হয় তা নিম্নে টেবিলের মাধ্যমে তুলে ধরা হলোঃ

ক্রমিক	জীবিকার উৎস	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
১.	কৃষি												
২.	মৎস্যজীবী												
৩.	দিনমুজুর												
৪.	ব্যবসা												

জীবিকার মৌসুমী দিনপঞ্জি বিশ্লেষণঃ

- জীবিকার মৌসুমী দিনপঞ্জি বিশ্লেষণ করলে দেখা যায় যে, এখানে নভেম্বর থেকে শুরু করে মে মাস পর্যন্ত কৃষি কাজ থাকে তবে ডিসেম্বর-জানুয়ারী এবং এপ্রিল-মে মাসে কৃষি কাজ বেশি থাকে। এছাড়া অন্যান্য মাস গুলিতেও কিছু কিছু কৃষি কাজ করতে দেখা যায়।
- যমুনা ও ব্রহ্মপুত্র নদীর তীরবর্তি উপজেলা হওয়ায় সারা বছরই এলাকার জেলেরা মাছ ধরার কাজ করতে পারে । তবে জুলাই মাস থেকে মৎস্যজীবীদের কাজ বেশী দেখা যায়।
- এলাকার প্রধান দিনমজুরের ক্ষেত্র হলো কৃষি কাজ। দিনমজুর সারা বছরই কম বেশী থাকে তবে কৃষি কাজ যখন বেশী থাকে মজুরদের চাহিদা তখন বেশী থাকে। আষাঢ়-শ্রাবণ মাসের দিকে কাজ একটু কম থাকে । কৃষি ও অকৃষি উভয় প্রকার দিনমজুর অত্র এলাকায় বিদ্যমান ।

- অত্র এলাকার প্রধান ব্যবসা কাঁসারী ব্যবসা। ইসলামপুর প্রায় ৫% লোক কাঁসারী শিল্পের সাথে কোন না কোনভাবে জড়িত রয়েছে।

২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতাঃ

এলাকার প্রধান জীবিকা সমূহ কি কি এবং জীবিকা সমূহকে কোন কোন আপদ/দুর্যোগ ক্ষতি করে তা নিম্নে টেবিলের মাধ্যমে তুলে ধরা হলোঃ

ছক-৩৭: আপদ ও দুর্যোগ সমূহ

ক্রঃ নং	জীবিকাসমূহ	আপদ/ দুর্যোগ সমূহ					
		বন্যা	নদীভাঙ্গন	কালবৈশাখী ঝড়	খরা	অতিবৃষ্টি	শৈত্যপ্রবাহ
০১	কৃষি	■	■	■	■	■	■
০২	মৎস্য	■	■	-	■	■	■
০৩	দিনমুজুর	■	-		■	■	■
০৪	ব্যবসায়ী	■	■		■	■	■

এলাকাটি কাঁসারী ব্যবসা ও কৃষি প্রধান হওয়ায় এই দুটি খাতই বেশী ঝুঁকির মধ্যে থাকে। বন্যায় কৃষি, ব্যবসা ও মৎস্য খাতের ক্ষতি হয়। নদীভাঙ্গনে কৃষি জমি ও ঘরবাড়ির বিলিন হয়ে যায়। খরায়, শিলাবৃষ্টি, শৈত্যপ্রবাহ দিনমজুরের খাতে ব্যপক ক্ষতি করে থাকে । প্রচন্ড খরায় ফসল পুড়ে নষ্ট হয়ে যায় ফলে দিনমজুররা কোন কাজ করতে পারে না । ২০০৭ সালের বন্যার ফলে এলাকার অধিকাংশ কাঁসারী শিল্প বন্ধ হয়ে যায়, প্রায় ১ মাসেরও অধিক সময় এলাকায় কাঁসারী শ্রমিকদের কোন কাজ ছিল না। ২০০৪ ও ২০০৭ সালের বন্যায় ইসলামপুরে কৃষি ফসলের ব্যাপক ক্ষতি সাধন হয়ে ৬০% কৃষি পরিবার পুঁজি হারিয়ে ক্ষতির সম্মুখিন হয়েছে। বিগত ৫ বছরের শৈত্যপ্রবাহের ফলে দেখা গেছে অধিকাংশ বৃদ্ধ ও বয়স্ক দিনমজুর ও কাঁসারী শ্রমিক কাজে বের হতে পারে না, এক্ষেত্রে তাদের সাহায্য সহযোগীতার প্রয়োজন হয়।

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনাঃ

উপজেলার বিপদাপন্ন খাতসমূহ চিহ্নিত করণঃ

ছক-৩৮: বিপদাপন্ন সামাজিক উপদান সমূহ

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ									
	ফসল	গাছপালা	পশু সম্পদ	মৎস্য সম্পদ	ঘরবাড়ী	রাস্তাঘাট	ব্রীজ কালভার্ট	শিক্ষা প্রতিষ্ঠান	স্বাস্থ্য	আশ্রয়কেন্দ্র
বন্যা	■	■	■	■	■	■	■	■	■	■
নদীভাঙ্গন	■	■	■	■	■	■	■	■	-	■
খরা	■	■	■	■	-	-	-	-	■	-
কালবৈশাখী	■	■	-	-	■	-	-	■	-	-
শিলাবৃষ্টি	■	■	■	-	■		-	-	-	-
শৈত্যপ্রবাহ ও কুয়াশা	■		■	■					■	

নিম্নে খাত ভিত্তিক আপদ ও ঝুঁকি বিশ্লেষণ করা হলোঃ

- বন্যার ফলে ইসলামপুর উপজেলায় পৌরসভা-সহ ১২ টি ইউনিয়নের ফসল, গাছপালা, পশু সম্পদ, মৎস্য সম্পদ, ঘরবাড়ি, অবকাঠামো, রাস্তাঘাট, ব্রীজ, কালভার্ট, শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য এবং আশ্রয়কেন্দ্রসহ সকল সামাজিক উপাদানেরই ক্ষতি সাধন হয়ে থাকে।
- নদীভাঙ্গনের ফলে ইসলামপুর উপজেলার কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, ইসলামপুর সদর, গাইবান্ধা, চরপুঠিমারী, চর গোয়ালিনী ইউনিয়নের ফসল, ঘরবাড়ি, রাস্তাঘাট, ব্রীজ- কালভার্ট শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি হয়ে থাকে এমনকি ঐ সকল সমাজিক সম্পদসমূহ নদী গর্ভে বিলীন হয়ে যায়।
- খরা অত্র উপজেলার সকল সামাজিক উপাদান সমুহের উপর প্রভাব বিস্তার করে। খরার কারণে ফসলের ক্ষতি হয় গাছপালা মারা যায়, পশু সম্পদের খাদ্যের অভাব দেখা দেয়, খাবার পানি, গোসলের পানিসহ নিত্য ব্যবহারের পানির সংকট প্রকট আকারে দেখা দিয়ে জনজীবনে দুর্ভোগ নেমে আসে। খরার কারণে এলাকায় রোগবালাইয়ের প্রকোপ বৃদ্ধি পায় বিশেষ করে শিশুরা ডাইরিয়াতে আক্রান্ত হয় এমন কি পানি শুণ্যতার কারণে অনেক শিশু মারা যায়। কৃষি প্রধান এলাকা হওয়ার কারণে সেচ ব্যবস্থায় ব্যাপক পানির সংকট দেখা দেয় এবং চাষাবাদের ক্ষেত্রে চরম সমস্যার সম্মুখিন হয়।
- কাল বৈশাখী এ এলাকার জন্য নিত্য ঘটনা না হলেও মাঝে মাঝে বিশেষ করে বৈশাখ -জৈষ্ঠ্য মাসে আঘাত হেনে এলাকার ফসল, গাছপালা ও ঘরবাড়ির ব্যপক ক্ষতি করে থাকে।
- অতি বৃষ্টি এখন একটি অনিয়মিত ঘটনা হয়ে দাড়িয়েছে। এখন আর সময় মতো বৃষ্টি হয় না, অসময়ে অতিবৃষ্টি হয়ে কৃষকের অপ্রস্তুতের কারণে ফসল নষ্ট হয়ে যায়, রাস্তাঘাট ভেঙ্গে যায় এবং পশু সম্পদের খাদ্যের সংকট দেখা দেয়। অতি বৃষ্টির কারণে কোন কোন সময় কাঁসারী/নকশী কাঁথা ব্যবসায়ীদের ও ক্ষতি হয়ে থাকে, কারণ কাঁসারী/নকশী কাঁথা শ্রমিকরা কাজে আসতে পারে না। নিচু এলাকার কাঁসারী/নকশী কাঁথা ঘর গুলিতে পানি জমে থাকে।

- শৈতপ্রবাহ ও কুয়শার কারণে প্রতি বছরই জনজীবন মারাত্বকভাবে বিপর্যস্ত হয়ে থাকে। শিশু ও বৃদ্ধরা শীত জনিত রোগে বেশী আক্রান্ত হয়ে পড়ে। প্রচন্ড কুয়শার কারণে রাস্তাঘাটে দুর্ঘটনার প্রবনতা বেড়ে যায়। ঘন কুয়শায় ফসল, বীজতলা ও শাকসবজী নষ্ট হয়ে যায়। প্রতিবছরই এ এলাকাতে শীতবস্ত্র বিতরণের প্রয়োজন হয়ে পড়ে।

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাবঃ

কোন স্থানের বা অঞ্চলের দীর্ঘকালের (৩০ বছর বা তারও বেশি সময়ের) দৈনন্দিন আবহাওয়ার পর্যালোচনা করে বায়ুমন্ডলের ভৌত উপাদানগুলোর (বায়ুর তাপ, বায়ুর চাপ, বায়ুপ্রবাহের দিক ও তার গতিবেগ, বায়ুর আর্দ্রতা, মেঘের পরিমান ও মেঘের প্রকারভেদ এবং বৃষ্টিপাত) যে সাধারন অবস্থা দেখা যায় তাকে ওই স্থানের বা অঞ্চলের জলবায়ু বলে। পৃথিবীতে প্রতিদিন যে সূর্যকিরণ পৌঁছায়, তা ভুপৃষ্ঠ শোষণ করে। শোষিত সূর্যকিরণ আবার মহাশূণ্যে বিকিরিত বা প্রতিফলিত হয়। এটাই প্রাকৃতিক নিয়ম। প্রাকৃতিক নিয়মের এই শোষণ-বিকিরণ প্রক্রিয়ায় কোনো ধরনের বাঁধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়াকেই জলবায়ু পরিবর্তন বলে।

ছক- ৩৯: জলবায়ু পরিবর্তনের ফলে কোন কোন খাত কিভাবে ক্ষতিগ্রস্ত হয় তার বিস্তারিত বর্ননা

খাতসমূহ	আপদ	বর্ণনা
কৃষি	**বন্যা**	জলবায়ু পরিবর্তনের ফলে অসময়ে বন্যা হয়ে কৃষি জমি তলিয়ে গিয়ে ফসলের ব্যপক ক্ষতি হতে পারে। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে গিয়ে নদীতে পানি বৃদ্ধি পেয়ে আবাদি জমির পরিমান কমে যেতে পারে, যার ফলে খাদ্যের ঘাটতি দেখা দিতে পারে।
	খরা	জলবায়ু পরিবর্তনের ফলে গরমের সময় প্রচন্ড খরায় চারিদেকে পানির সংকট দেখা দেবে। পানির স্তর নিচে নেমে গিয়ে কৃষিতে সেচ কার্য ব্যহত হবে ফলে কৃষি উৎপাদন কম হবে, যার ফলে খাদ্যের ঘাটতি দেখা দিতে পারে।
	অতিবৃষ্টি	জলবায়ু পরিবর্তনের ফলে, সময়ে বৃষ্টিপাত না হয়ে অসময়ে প্রচুর বৃষ্টি পাত হয়ে ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে।
মৎস্য	**বন্যা**	জলবায়ু পরিবর্তনের ফলে, অসময়ে বন্যা হয়ে ইসলামপুর উপজেলার বহু সংখ্যক পুকুর তলিয়ে গিয়ে মাছ বের হয়ে গিয়ে মৎস্য চাষিদের ব্যাপক আর্থিক ক্ষতি হতে পারে।
	নদীভাঙ্গন	জলবায়ূ পরিবর্তনের ফলে, অসময়ে বন্যা হয়ে এবং নদীর গতিপথ পরিবর্তন হয়ে প্রচুর নদী ভাঙ্গন দেখা দিতে পারে যার ফলে, মৎস্য চাষিদের পুকুর নদী গর্ভে বিলীন হয়ে আর্থিক ক্ষতি হতে পারে সেই সাথে মাছের ঘাটতি দেখা দিতে পারে।
	খরা	জলবায়ু পরিবর্তনের ফলে, প্রচন্ড খরায় পানি শুকিয়ে এবং পানির স্তর নিচে নেমে গিয়ে পুকুর, নদী, খালে, বিলের মাছ মারা যেতে পারে, মাছের প্রজনন্ ব্যহত হয়ে মাছের উৎপাদন কমে যাবে। ফলে এলাকায় মাছের ও আমিষের ঘাটতি দেখা দেবে।
	অতিবৃষ্টি	অসময়ে বৃষ্টি হয়ে অতিবৃষ্টির পানিতে পুকুর ডুবে গিয়ে, পুকুরের মাছ খাল বিলে বের হয়ে মৎস্য চাষীদের ব্যাপক ক্ষতি করতে পারে ।
	শৈত্য প্রবাহ ও কুয়াশা	জলবায়ু পরিবর্তনের ফলে প্রচন্ড ঠান্ডায় মাছের বৃদ্ধি কমে যেতে পারে ফলে মৎস্য চাষের কাঙ্খিত উৎপাদন লক্ষ্যমাত্রা ব্যহত হতে পারে এবং কৃষক আর্থিক ক্ষতির সম্মুখিন হবে।
পশুসম্পদ	**বন্যা**	অসময়ে বন্যা হয়ে পশুর খাদ্যাভাব-সহ জীবন ঝুঁকির সম্ভবনা রয়েছে এবং যার ফলে ঐ এলাকার পশুপালন ব্যাহত হতে পারে ।
	খরা	জলবায়ু পরিবর্তনের ফলে খরার প্রচন্ড তাপে মাঠ ঘাটের ঘাস পুড়ে গিয়ে পশু খাদ্যের অভাব দেখা দিতে পারে। এবং বিভিন্ন রোগ বালাই দেখা দিতে পারে। যার প্রভাবে পশু সম্পদ ব্যাপক ভাবে ক্ষতি হতে পারে।
	অতিবৃষ্টি	জলবায়ূ পরিবর্তনের ফলে ইউনিয়নের প্রায় নিচু এলাকার মাঠ, ঘাট তলিয়ে গিয়ে পশু খাদ্যের অভাব দেখা দিতে পারে । যার প্রভাবে পশুর মৃত্যু ও বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে।
স্বাস্থ্য	**বন্যা**	জলবায়ূ পরিবর্তনের ফলে ২০০৭ সালের মতো বন্যা হলে পানি বাহিত রোগ দেখা দিয়ে স্বাস্থ্যর উপর খারাপ প্রভাব পড়ে এমনকি মৃত্যুও হতে পারে ।
	খরা	প্রচন্ড খরার কারণে বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী, শিশু-সহ সকল মানুষের বিভিন্ন ধরনের রোগ বালাই দেখা দিয়ে মানুষের জীবন নাশ করতে পারে।
	অতিবৃষ্টি	জলবায়ু পরিবর্তনের ফলে অতিবৃষ্টিতে বিভিন্ন খাল বিল ভরে গিয়ে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে পানিতে মল- মুত্র, মরা প্রাণী পচে গিয়ে বিভিন্ন রোগ বালাই দেখা দিতে পারে । যার ফলে ঐ সকল এলাকার মানুষের স্বাস্থ্যের ব্যাপক ক্ষতি করতে পারে।
	শৈত্যপ্রবাহ ও কুয়াশা	জলবায়ু পরিবর্তনের ফলে শীতের সময় তীব্র শীত ও গরমের সময় তীব্র গরম পড়ে। তীব্র শীতে বিশেষ করে শিশু বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের বেশী ক্ষতি হতে পারে এমনকি মারাও যেতে পারে।
জীবিকা	**বন্যা**	বন্যার ফলে বিভিন্ন পেশাজীবি শ্রেণীর লোকের কর্মসংস্থান হারিয়ে বেকারত্ব জীবন কাটাতে পারে, যার ফলে ঐ সকল গ্রামের প্রতিটি পরিবার ব্যপক ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হতে পারে এবং এর প্রভাবে ঐ এলাকার প্রতিটি মানুষের জীবন উন্নয়নের পথে বাঁধার সৃষ্টি হতে পারে।

খাতসমূহ	আপদ	বর্ণনা
	নদীভাঙ্গন	জলবায়ু পরিবর্তনের ফলে নদী ভাঙ্গন এলাকার প্রতিটি গ্রামের মৎস্য চাষী, জেলে, ব্যবসায়ী, দিনমজুর, চাকুরীজীবি, বিভিন্ন পেশার মানুষ আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে এবং জীবন জীবিকার উপর প্রভাব পড়তে পারে।
	খরা	প্রচন্ড খরার কারণে জমির ফসল যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল ও ফলজ গাছ-সহ পশু সম্পদের উপর পানির অভাবে ব্যাপক ক্ষতি হতে পারে এবং এর প্রভাবে ঐ গ্রাম গুলোর মানুষের জীবন ও জীবিকার উপর প্রভাব পড়ে ও খাদ্যের সমস্যা দেখা দিতে পারে।
	কালবৈশাখী	উপজেলার সকল ইউনিয়নের প্রায় সকল গ্রামের জমির ফসল গাছপালা পশুপাখি, ঘরবাড়ী, ব্যবসা প্রতিষ্ঠান, কাঁসারী শিল্প কারখানা, মানুষের কর্মসংস্থানের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধন করে বেকারত্বের সৃষ্টি করতে পারে, যার ফলে এ উপজেলার জীবন যাত্রার মান উন্নয়নে বাঁধার কারণ হয়ে দাড়াতে পারে।
	অতিবৃষ্টি	অতিবৃষ্টির কারণে ইউনিয়নের প্রায় নিচু এলাকার মাঠ, ঘাট, আবাদি জমি, কাঁসারী/ নকশী কাঁথা শিল্প কারখানা ইত্যাদি অতিবৃষ্টিতে জলাবদ্ধতা হয়ে দিনমুজুরী, ব্যবসায়ী, কাঁসারী/নকশী কাঁথা কারিগর শ্রেণী পেশাজীবি মানুষের কর্মসংস্থান হারিয়ে আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। যা জীবন ও জীবিকার পথে বাঁধার সৃষ্টি করতে পারে।
গাছপালা	**বন্যা**	বন্যার হলে বন্যার পানিতে গাছপালা মারা গিয়ে ও নষ্ট হতে পারে এতে করে সকল ইউনিয়নের প্রতিটি প্রাণীর অক্সিজেন ঘাটতি দেখা দিতে পারে সেই সাথে মানুষের কাঠ, ফল, ইত্যাদির অভাব দেখা দিতে পারে ।
	নদীভাঙ্গন	নদীভাঙ্গনের ফলে গাছপালা নদীর গর্ভে বিলীন হতে পারে। ঐ সকল এলাকার মানুষ আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে এবং জীবন জীবিকার উপর প্রভাব পড়তে পারে।
	খরা	খরার ফলে গাছ মরে যেতে পারে এবং গাছপালা বিনষ্ট হতে পারে। যার ফলে ঐ এলাকার পরিবেশ ও মানুষের আর্থিক ক্ষতি হতে পারে। পানির অভাবে গাছের চারা মারা গিয়ে গাছের বিস্তার কমে যেতে পারে। ফলে আর্থিক ক্ষতি এবং পরিবেশের ক্ষতি উভয়ই হতে পারে।
	কালবৈশাখী	কালবৈশাখী ঝড়ে গাছপালা ভেঙ্গে গিয়ে বিনষ্ট এমনকি বন জঙ্গাল উজাড় হতে পারে। যার ফলে ঐ এলাকার পরিবেশ ও মানুষের আর্থিক ক্ষতি হতে পারে।
অবকাঠামো	**বন্যা**	জলবায়ু পরিবর্তনের ফলে এলাকার বিভিন্ন ধরণের অবকাঠামো আংশিক কিংবা সম্পূর্ণ বিনষ্ট হতে পারে। ফলে এলাকার মানুষ যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য সেবাসহ অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হতে পারে।
	নদীভাঙ্গন	জলবায়ু পরিবর্তনের ফলে প্রতিনিয়ত নদী ভাঙ্গন হলে এলাকার রাস্তাঘাট, স্কুল কলেজ, ব্রীজ, কালভার্ট, কাঁচা রাস্তা, পাকা রাস্তাসহ বিভিন্ন ধরণের অবকাঠামো ভেঙ্গে নদীর গর্ভে বিলিন হয়ে যেতে পারে।
	কালবৈশাখী	জলবায়ু পরিবর্তনের ফলে উপজেলার বাড়িঘর, স্কুল কলেজ, মাদ্রাসা, ব্যবসা প্রতিষ্ঠানসহ বিভিন্ন ধরণের অবকাঠামো ভেঙ্গে গিয়ে এলাকার প্রচুর সম্পদের ক্ষতি হতে পারে।
	অতিবৃষ্টি	অতিবৃষ্টির কারনে মাটি ধসে ও জলাবদ্ধতার সৃষ্টি হয়ে জীবন ও জীবিকার পথে বাঁধার সৃষ্টি করতে পারে।
কাঁসারী/ নকশী কাঁথা শিল্প	**বন্যা**	জলবায়ু পরিবর্তনের ফলে অসময়ে বন্যা হয়ে এলাকার কাঁসারী শিল্প / নকশী কাঁথা শিল্পের ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে কাঁসারী /নকশী কাঁথা পরিবার সহ এর সাথে জড়িত সব লোকের ব্যাপক আর্থিক ক্ষতি হতে পারে।
	শৈত্য প্রবাহ	জলবায়ু পরিবর্তনের ফলে তীব্র শীত পড়ে কাঁসারী/ নকশী কাঁথা শ্রমিকরা ঘর হতে বের হতে পারবে না ফলে কাঁসারী/নকশী কাঁথা শিল্পের উৎপাদন ব্যহত হবে।

তথ্য সূত্রঃ এফজিডি, এলাকার প্রবীণ ব্যক্তিদের (কেআইআই) ও এলাকার জনসাধারন।

তৃতীয় অধ্যায়
দুর্যোগ ঝুঁকি হ্রাস

৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ

এলাকার চিহ্নিত আপদগুলোর দ্বারা উপজেলা কেন ক্ষতিগ্রস্ত হয় তার তাৎক্ষণিক, মাধ্যমিক ও চুড়ান্ত কারণ চিহ্নিত করে নিম্নে ছকের মাধ্যমে তুলে ধরা হলোঃ

ছক-৪০: ঝুঁকির বর্ণনা এবং কারণ সমূহ

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
বন্যা ২০০৬ ও ২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে ইসলামপুর উপজেলার কুলকান্দি ইউনিয়নে ১, ২, ৩, ও ৪ নাম্বার ওয়ার্ড এর প্রায় ৮৩০ একর জমির, বেলগাছা ইউনিয়নের ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ড এর প্রায় ১০০০ একর জমির, চিনাডুলী ইউনিয়নের ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়াডের প্রায় ১২০০ একর জমির, সাপধরী ইউনিয়নের ১, ২, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ওয়ার্ড এর প্রায় ২৫০০ একর জমির, নোয়ারপাড়া ইউনিয়নের ২, ৪, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১০২০ একর জমির, ইসলামপুর সদর ইউনিয়নের ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৪০০ একর জমির, গাইবান্ধা ইউনিয়নের ১, ২, ৫ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৭০০ একর জমির, চরপুঠিমারী ইউনিয়নের ১, ৩, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ২০২৫ একর জমির, চরগোয়ালিনী ইউনিয়নের ৩, ৫, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৫০০ একর জমির, পার্থশী ইউনিয়নের ২, ৫, ৬, ৭, ৮, ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ২৪০০ একর জমির, পলবান্ধা ইউনিয়নের ৩, ৬, ৭, ৮, ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১০০০ একর জমির, গোয়ালেরচর ইউনিয়নের ১, ২, ৩, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ড এর প্রায় ২৫০০ একর জমির, ইসলামপুর পৌরসভা ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ৯২৫ একর জমির (আউশ, আমন, পাট, রবিশষ্য, পেয়ারা, শাকসবজি) ইত্যাদি ফসল চাষের ব্যাপক ক্ষতি হতে পারে এবং এর ফলে ঐ সকল গ্রামের প্রতিটি পরিবার ব্যপক ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হতে পারে। যার প্রভাবে ঐ এলাকার প্রতিটি মানুষের জীবন উন্নয়নের পথে বাঁধার সৃষ্টি হতে পারে। ২০০৭ সালের মত বন্যা হলে ইসলামপুর উপজেলাতে কুলকান্দি ইউনিয়নের মোট ৪টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি মাধ্যমিক বিদ্যালয়, ১২টি মসজিদ, ৩০কি.মি. কাঁচা রাস্তার, ২টি মাদ্রাসা, ২টি কবরস্থান, ইসলামপুর সদর ইউনিয়নের মোট ৭টি প্রাথমিক বিদ্যালয়, ১৫টি মসজিদ, ৩৫কি.মি. কাঁচা রাস্তা, ১টি মাদ্রাসা, ২টি কবরস্থান, বেলগাছা মোট ১০টি প্রাথমিক বিদ্যালয়, ৫টি মাধ্যমিক বিদ্যালয়, ১০টি মসজিদ, ৪০কি.মি. কাঁচা রাস্তা, চিনাডুলী ইউনিয়নের মোট ৬টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি মাদ্রাসা, ১৫টি মসজিদ, ৬০কি.মি. কাঁচা রাস্তা, ঈদগাঁহ ২টি, সাপধরী ইউনিয়নের মোট ৫টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ৫টি মসজিদ, ১৫কি.মি. কাঁচা রাস্তা, নোয়ারপাড়া ইউনিয়নের মোট ৯টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ১৪টি মসজিদ, ৩০কি.মি. কাঁচা রাস্তা, গাইবান্ধা ইউনিয়নের মোট ৫টি প্রাথমিক বিদ্যালয়, ৯টি মসজিদ, ৭টি ঈদগাঁহ, ৮টি মসজিদ, ২টি মাধ্যমিক, ৪৫কি.মি. কাঁচা রাস্তা, চরপুঠিমারী ইউনিয়নের মোট ৬টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক, ৫টি মসজিদ, ২৭কি.মি.কাঁচা রাস্তা, ঈদগাঁহ ২টি, চরগোয়ালিনী ইউনিয়নের মোট ৪টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ৬টি মসজিদ, ৩৫কি.মি. কাঁচা রাস্তা, পার্থশী ইউনিয়নের মোট ৫টি প্রাথমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ২০টি মসজিদ, ২৪ কি.মি. কাঁচা রাস্তা, পলবান্ধা ইউনিয়নের মোট ৭টি প্রাথমিক বিদ্যালয়, ৫টি মসজিদ, ১০ কি.মি. কাঁচা রাস্তা, গোয়ালেরচর মোট ৫টি প্রাথমিক বিদ্যালয়, ২৫টি মসজিদ, ৪টি কবরস্থান, ৬টি ঈদগাঁহ, ১২ কি.মি. কাঁচা রাস্তা, ইসলামপুর পৌরসভায় মোট ৪টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি মাধ্যমিক, ২টি মাদ্রাসা, ২০টি মসজিদ, ৭০ কি.মি. কাঁচা রাস্তা, ঈদগাঁহ ৬টি মাঠ বিনষ্ট হতে পারে। ফলে এলাকার মানুষ শিক্ষা স্বাস্থ্য-সেবা সহ অন্যান্য সুবিধা থেকে বঞ্চিত হতে পারে। ২০০৭ সালের মত আবার বন্যা হলে ইসলামপুর উপজেলার কূলকান্দি ইউনিয়নে প্রায় ৬০ টি পুকুর, বেলগাছা ইউনিয়নের প্রায় ৬০-৭০ টি পুকুর, চিনাডুলী ইউনিয়নের প্রায় ৪০-৪২ টি পুকুর, সাপধরী ইউনিয়নের প্রায় ২০-৩০ টি পুকুর, নোয়ারপাড়া ইউনিয়নে প্রায় ৩৫-৪০ টি পুকুর, ইসলামপুর সদর ইউনিয়নের প্রায় ৮০-১০০টি পুকুর, গাইবান্ধা ইউনিয়নের প্রায় ৩০-৩৫টি পুকুর, চরপুঠিমারী ইউনিয়নের প্রায় ৩০টি পুকুর, চরগোয়ালিনী ইউনিয়নের প্রায় ৩০-৩৫টি পুকুর ও খালের পাড় ভেসে ছোট	রাস্তা উচুঁ না থাকা রাস্তার দু'পাশে বনায়ন ও দূর্বা ঘাস না থাকা ব্রীজ সংস্কার ও মেরামত না করা উজান বাঁধ ভাঙ্গা অতিবৃষ্টি সঠিক সময়ে বন্যার সতর্কীকরণ বার্তা না পৌঁছানো বন্যার আগাম সংকেত না থাকা বন্যা নিয়ন্ত্রণ বাঁধ না থাকা	অপরিকল্পিত ভাবে রাস্তাঘাট নির্মাণ অধিক হারে গাছপাল না লাগান দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি নিস্ক্রিয় থাকা প্রকৃতির ভারসাম্য নষ্ট হয়ে যাওয়া দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সক্রিয় ভূমিকা পালন না করা রাস্তার রক্ষনাবেক্ষণের জন্য কমিটি না থাকা বৃক্ষ নিধন নদীর গভীরতা কমে যাওয়া	সঠিক পরিকল্পনার অভাব সরকারি/বেসরকারীভাবে রাস্তা মেরামত ও বন্যা রোধে ব্যবস্থা না নেওয়া পরিকল্পিত ভাবে বাঁধ নির্মাণ না করা পরিকল্পনা বাস্তাবায়নে দীর্ঘস্থায়ী না হওয়া। জলবায়ুর পরিবর্তন পরিকল্পনা বাস্তাবায়নে সরকারের অসচ্ছতা

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
বড় পোনা মাছ সহ চলে যেতে পারে । যার প্রভাবে ঐ এলাকায় মাছের সংকট ও পরবর্তীতে মাছ চাষের জন্য পোনা, মাছের সংকট দেখা দিয়ে পারে এবং ঐ এলাকার প্রতিটি গ্রামের মৎস্য চাষী ও জেলে পরিবার আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে ।			
নদীভাঙ্গন ২০০৭ সালের মত আবার নদীভাঙ্গন দেখা দিলে ইসলামপুর উপজেলার কুলকান্দি ইউনিয়নে ৩, ৪, ৫ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৭০ একর বসতভিটা সহ আবাদী জমি, বেলগাছা ইউনিয়নের ৪, ৫, ৬ ও ৭ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৫০০ একর বসতভিটা সহ আবাদী জমি, চিনাডুলী ইউনিয়নের ১, ৩, ৪, ৫, ৭ ও ৮ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৩০০ একর বসতভিটা সহ আবাদী জমি, সাপধরী ইউনিয়নের ২, ৫ ও ৮ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৩৫ একর বসতভিটা সহ আবাদী জমি, নোয়ারপাড়া ইউনিয়নের ১, ২, ৪, ৭ ও ৮ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ১২০ একর বসতভিটা সহ আবাদী জমি, পার্থশী ইউনিয়নের ১, ২ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ২২০ একর বসতভিটা সহ আবাদী জমি, পলবান্ধা ইউনিয়নের ১, ৩, ৫ ও ৬ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৭০ একর বসতভিটা সহ আবাদী জমি, গোয়ালেরচর ইউনিয়নের ৩, ৪, ৫, ৬ ও ৭ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ১২০ একর বসতভিটা সহ আবাদী জমি, গাইবান্ধা ইউনিয়নের ১, ৬ ও ৯ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৫০ একর বসতভিটা সহ আবাদী জমি, চরপুঠিমারী ইউনিয়নের ১ ও ৮ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৫০ একর বসতভিটা সহ আবাদী জমি, চরগোয়ালিনী ইউনিয়নের ৩, ৫ ও ৭ নাম্বার ওয়ার্ড এর নদীভাঙ্গনে প্রায় ৫০ একর বসতভিটা সহ আবাদী জমি, ভেঙ্গে নদীর গর্ভে বিলিন হয়ে যেতে পারে। সব মিলে এর প্রভাবে ঐ গ্রাম গুলোর ৩০, ০০০ পরিবার ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।	উজান বাঁধ ভাঙ্গা ঘর-বাড়ী নদীর তীরবর্তী স্থানে হওয়া বেলে মাটি হওয়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধ না থাকা অতি বৃষ্টি	ফারাক্কা বাঁধ না করা অপরিকল্পিত ভাবে বাড়ী ঘর নির্মাণ অধিক হারে গাছপালা নিধন	বৃক্ষ রোপন না করা নদীর গতিপথ পরিবর্তন আবহওয়া ও জলবায়ুর পরিবর্তন নদীর গভীরতা কমে যাওয়া
খরা ২০০৮ সালের মত আবার খরা দেখা দিলে ইসলামপুর উপজেলার পৌরসভার প্রায় ৪৫০ একর, ইসলামপুর সদর ইউনিয়নের প্রায় ৬০ একর জমির ফসল, কুলকান্দি ইউনিয়নের প্রায় ৯৯০ একর জমির ফসল, বেলগাছা ইউনিয়নের প্রায় ১০০০ একর জমির ফসল, চিনাডুলী ইউনিয়নের ১০৫০ একর জমির ফসল, সাপধরী ইউনিয়নের প্রায় ২২০০ একর জমির ফসল, নোয়ারপাড়া ইউনিয়নের প্রায় ১১০০ একর জমির ফসল, গাইবান্ধা ইউনিয়নের প্রায় ১৯৫০ একর জমির ফসল, চরপুঠিমারী ইউনিয়নের প্রায় ৯০০ একর জমির ফসল, চরগোয়ালিনী ইউনিয়নের প্রায় ১৯০০ একর জমির ফসল, পার্থশী ইউনিয়নের প্রায় ১৯০০ একর জমির ফসল, পলবান্ধা ইউনিয়নের প্রায় ১৫০০ একর জমির ফসল, গোয়ালেরচর ইউনিয়নের প্রায় ৮০০ একর জমির ফসল, যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল পানির অভাবে পুড়ে যেতে পারে এবং এর প্রভাবে ঐ গ্রাম গুলোর প্রায় ৫০, ০০০ পরিবারে খাদ্যের সমস্যা দেখা দিতে পারে।	গভীর নলকূপ না থাকা পুকুরের গভীরতা কম বৃক্ষ নিধন পর্যাপ্ত শ্যালো ইঞ্জিন ও বিদ্যুৎ না থাকা অনাবৃষ্টি	বনভূমি উজাড় পানির স্তর নিচে নেমে যাওয়া পরিবেশের ভারসাম্য নষ্ট হয়ে যাওয়া	পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গভীর নলকূপের ব্যবস্থা না করা । অধিকহারে বৃক্ষ রোপন না করা আবহাওয়ার পরিবর্তন
কালবৈশাখী/ঝড় ২০১২ ও ২০১৩ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে ইসলামপুর উপজেলার পৌরসভার প্রায় ৪০০ একর জমির ফসল, ইসলামপুর সদর ইউনিয়নের প্রায় ৫৬০ একর জমির ফসল, কুলকান্দি ইউনিয়নের প্রায় ২২০০ একর জমির ফসল, বেলগাছা ইউনিয়নের প্রায় ১১০০ একর জমির ফসল, চিনাডুলী ইউনিয়নের ১২০০ একর জমির ফসল, সাপধরী ইউনিয়নের প্রায় ২৬০০ একর জমির ফসল, নোয়ারপাড়া ইউনিয়নের প্রায় ১২০০ একর জমির ফসল, গাইবান্ধা ইউনিয়নের প্রায় ১৩২০ একর জমির ফসল, চরপুঠিমারী ইউনিয়নের প্রায় ১৫০০ একর জমির ফসল, চরগোয়ালিনী ইউনিয়নের প্রায় ২১০০ একর জমির ফসল, পার্থশী ইউনিয়নের প্রায় ৩৫০০ একর জমির ফসল, পলবান্ধা ইউনিয়নের প্রায় ২৫০০ একর জমির ফসল, গোয়ালেরচর ইউনিয়নের প্রায় ৩২০০ একর জমির ফসল, বেলগাছা ইউনিয়নের প্রায় ১৫০০ একর জমির ফসল যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল বিনষ্ট হতে পারে । যার প্রভাবে ঐ সকল ইউনিয়নের মানুষের খাদ্যের সংকট দেখা দিতে পারে এবং পরবতীতে কৃষি বীজের অভাব দেখা দিতে পারে।	বসতবাড়ী গুলো নিচু স্থানে হওয়া গাছ পালা নিধন বসতবাড়ীর পাশে পর্যাপ্ত গাছপালা না হওয়া সময় মত আবহাওয়া বার্তা না পৌঁছানো পূর্ব প্রস্তুতির অভাব	পরিবেশের ভারসাম্য নষ্ট হয়ে যাওয়া সময় মত আবহাওয়া বার্তা না পৌঁছানো নিকটবর্তী নিরাপদ স্থানের ব্যবস্থা না থাকা পরিবেশের ভারসাম্য নষ্ট হয়ে যাওয়া	[বন বিভাগের উদাসিনতা সচেতনতার অভাব ওজন স্তরের ক্ষতি স্থানীয় আবহাওয়া অফিসের উদাসীনতা
অতিবৃষ্টি ২০০৬ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে ইসলামপুর উপজেলার পৌরসভার ৬, ৭, ৮, ও ৯ নাম্বার ওয়ার্ড এর প্রায় ৯টি গ্রামের, ইসলামপুর সদর ইউনিয়নের ১, ২, ৩, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ড এর প্রায় ০৮টি গ্রামের, কুলকান্দি ইউনিয়নের ২, ৫, ৬, ৭,	অধিক হারে বৃক্ষ নিধন	সমুদ্রের উচ্চতা বৃদ্ধি	আবহাওয়ার বৈরী মনোভাব/পরিবর্তন বৃক্ষ রোপন না করা

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৮টি গ্রামের, বেলগাছা ইউনিয়নের ১, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৭টি গ্রামের, চিনাডুলী ইউনিয়নের ১, ২, ৩, ৫ ও ৬ নং ওয়ার্ড এর প্রায় ১৮টি গ্রামের, সাপধরী ইউনিয়নের ২, ৩, ৫ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ২১টি গ্রামের, নোয়ারপাড়া ইউনিয়নের ১, ২, ৩, ও ৫ নং ওয়ার্ড এর প্রায় ১১টি গ্রামের, পার্থশী ইউনিয়নের ১, ২, ৪, ৬ ও ৭ নং ওয়ার্ড এর প্রায় ১৬টি গ্রামের, পলবান্ধা ইউনিয়নের ২, ৩, ৪, ৫, ৬ ও ৮ নং ওয়ার্ড এর প্রায় ২০টি গ্রামের, গোয়ালেরচর ইউনিয়নের ২, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৯টি গ্রামের, গাইবান্ধা ইউনিয়নের ৩, ৬, ৭, ৮, ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১৬টি গ্রামের, চরপুঠিমারী ইউনিয়নের ১, ২, ৩, ৫, ৭ ও ৮ নং ওয়ার্ড এর প্রায় ২০টি গ্রামের, চরগোয়ালিনী ইউনিয়নের ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড এর প্রায় ১২টি গ্রামের প্রায় ইউনিয়ন নিচু এলাকার মাঠ, ঘাট, আবাদি জমি, কাঁসারী কারখানা, নকশী কাঁথা সেলাই ইত্যাদি অতিবৃষ্টিতে জলাবদ্ধতা হয়ে দিনমুজুরী, ব্যবসায়ী, কাঁশা কারিগর শ্রেণী পেশাজীবি মানুষের কর্মসংস্থান হারিয়ে আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। যা জীবন ও জীবিকার পথে বাঁধার সৃষ্টি করতে পারে।			
শৈত্যপ্রবাহ ও কুয়াশা বিগত ৫ বছরের মতো শৈত্যপ্রবাহের প্রকোপ বাড়তে থাকলে ইসলামপুর উপজেলার হতদরিদ্র, বৃদ্ধ শিশু মৃত্যুর হার বৃদ্ধি পেতে পারে। ঘন কুয়াশার কারণে উপজেলার প্রায় ৩৫০০ হাজার একর জমির ফসল নষ্ট হয়ে কৃষক ক্ষতিগ্রস্ত হতে পারে। প্রচন্ড ঠান্ডায় মাছের রোগবালাই বৃদ্ধি পেতে পারে এবং মাছের উৎপাদন কমে যেতে পারে তাতে করে মৎস্য চাষের সাথে সম্পৃক্ত ৫-৬ শত পরিবার ক্ষতিগ্রস্ত হতে পারে। পশু সম্পদের রোগবালাই বৃদ্ধি পেয়ে পশু মারা যেতে পারে ফলে প্রায় ৪০০০ পরিবার ক্ষতিগ্রস্ত হতে পারে।	সুর্য আলো পৃথিবীতে না পৌঁছানো উত্তরের বাতাস	বাতাসে আদ্রতা কমে যাওয়া	রাত দিন ছোট বড় হওয়া

তথ্য সূত্রঃ এফজিডি, এলাকার প্রবীণ ব্যক্তি ও এলাকার জনসাধারন।

৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণঃ

চিহ্নিত আপদগুলো নিরসনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী উপায় নিম্নে ছকের মাধ্যমে তুলে ধরা হলোঃ

ছক- ৪১: ঝুঁকির বর্ণনা ও ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
বন্যাঃ ▪ ২০০৬ ও ২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে, ইসলামপুর উপজেলার পৌরসভা-সহ ১৩টি ইউনিয়নের ২০, ০০০ একর জমির ফসল পানিতে ডুবে প্রায় ৩৫, ০০০ পরিবার আর্থিক ভাবে ক্ষতির সম্মুখিন হতে পারে। সেই সাথে এলাকায় খাদ্য সংকট দেখা দিতে পরে। ▪ ২০০৭ সালের মত আবার বন্যা হলে ইসলামপুর উপজেলায় পৌরসভা-সহ ১৩টি ইউনিয়নের ৪৪৭টি পুকুর ও খালের পাড় ভেসে ছোট বড় পোনা মাছ চলে যেতে পারে । যার প্রভাবে ঐ এলাকায় মাছের সংকট ও পরবর্তীতে মাছ চাষের জন্য পোনা মাছের সংকট দেখা দিতে পারে এবং ঐ এলাকার প্রতিটি গ্রামের মৎস্য চাষী ও জেলে পরিবার আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মুখিন হতে পারে। ▪ ২০০৭ সালের মত আবার বন্যা হলে ইসলামপুর উপজেলায় পৌরসভা-সহ ১৩টি ইউনিয়নের গরু, ছাগল, ভেড়ার খাদ্যাভাব-সহ জীবন ঝুঁকির সম্ভবনা রয়েছে এবং যার ফলে ঐ এলাকার পশুপালন ব্যাহত হতে পারে । ▪ ২০০৭ সালের মত আবার বন্যা হলে ইসলামপুর উপজেলার প্রায় ৩৫, ০০০ পরিবারের বৃদ্ধ, প্রতিবন্ধী, গর্ভবতী ও শিশুর পানি বাহিত রোগ দেখা দিয়ে স্বাস্থ্যেরে উপর ক্ষতিকর প্রভাব পড়ে এমনকি মৃত্যুও হতে পারে । ▪ ২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে, ইসলামপুর উপজেলার বিভিন্ন পেশাজীবি শ্রেণীর লোকের কর্মসংস্থান	▪ শক্ত খুঁটি দিয়ে ঘর বাড়ি নির্মান করা ▪ বেশী ঝুঁকিপূর্ণ বাড়ি পাকা করা ▪ বাড়ীর ঢালে গাছ লাগানো ▪ বন্যার সতর্কীকরণ বার্তা প্রেরণ ▪ বন্যার পূর্বে ফসল রোপন না করা ▪ বাড়ী উঁচু করা	▪ বন্যা নিয়ন্ত্রণ বাধঁ নির্মান ▪ স্লুইস গেট নির্মান ▪ উন্নত বীজের ব্যবহার করা ▪ সময় উপযোগী বীজ সংগ্রহ করা ▪ বাড়ীর পাশে পর্যাপ্ত গাছ লাগানো ▪ বাড়ী নির্মানের জন্য জনগণকে ঋণ সহায়তা প্রদান করা	• সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের উদ্যোগে বন্যা সম্পর্কে জনগণকে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা • বৃক্ষ রোপন করা • আশ্রয় কেন্দ্র নির্মান করা • বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মান • স্লুইস গেট নির্মান

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
হারিয়ে বেকারত্ব জীবন কাটাতে পারে যার ফলে ঐ সকল গ্রামের প্রতিটি পরিবার ব্যাপক ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হতে পারে এবং এর প্রভাবে ঐ এলাকার প্রতিটি মানুষের জীবন উন্নয়নের পথে বাঁধার সৃষ্টি হতে পারে। ▪ ২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে, ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নে কাঠ, ও ফল, ইত্যাদির অভাব দেখা দিতে পারে । ▪ ২০০৭ সালের মত আবার বন্যা দেখা দিলে, ইসলামপুর উপজেলার প্রায় ১৫০০ কাঁসারী/নকশী কাঁথা শিল্প পানিতে ডুবে কাঁসারী/নকশী কাঁথা শিল্পের সাথে সম্পৃক্ত পরিবার ব্যাপক ভাবে আর্থিক ক্ষতিগ্রস্ত হতে পারে।			
▪ **নদীভাঙ্গনঃ** ▪ প্রতিবছরের ন্যায় নদীভাঙ্গনের প্রভাবে ইসলামপুর উপজেলায় কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, পার্থশী, পলবান্ধা, গোয়ালেরচর, গাইবান্ধা, চরগোয়ালিনী, চরপুঠিমারী ইউনিয়নে ১৮, ৫০০ একর বসতভিটা সহ আবাদী জমী নদী গর্ভে বিলীন হয়ে ঐ এলাকার গ্রাম গুলোর প্রায় ৪০, ০০০ পরিবার ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। ▪ নদীভাঙ্গনের প্রভাবে ইসলামপুর উপজেলায় কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, সাপধরী, নোয়ারপাড়া, পার্থশী, পলবান্ধা, গোয়ালেরচর, গাইবান্ধা, চরগোয়ালিনী, চরপুঠিমারী ইউনিয়ন সবমিলিয়ে প্রায় ৫০০ টি পুকুরের নদী গর্ভে বিলীন হয়ে ঐ এলাকার প্রতিটি মৎস্য চাষী ও জেলে পরিবার আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মূখিন হতে পারে । ▪ ২০০৭ সালের মত আবার নদীভাঙ্গন দেখা দিলে, ইসলামপুর উপজেলায় সকল এলাকার প্রতিটি গ্রামের মৎস্য চাষী, জেলে, ব্যবসায়ী, দিনমজুর, চাকুরীজীবি, বিভিন্ন পেশার মানুষ আর্থিক ভাবে ব্যাপক ক্ষতির সম্মূখিন হতে পারে এবং জীবন জীবিকার উপর প্রভাব পড়তে পারে। ▪ নদীভাঙ্গন দেখা দিলে ইসলামপুর উপজেলার রাস্তা-ঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান ও হাটবাজার নদীর গর্ভে বিলিন হয়ে যেতে পারে। সব মিলে উপজেলার প্রায় ২৫, ০০০ পরিবার ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।	• নদীর তীরে বনায়নের ব্যবস্থা করা • নদী হতে নিরাপদ দূরত্ব বজায় রেখে বাড়ী ঘর নির্মান করা • রাস্তা মেরামত করা • নদীর তীরে বনায়নের ব্যবস্থা করা	• পরিকল্পিত ভাবে রাস্তাঘাট নির্মান • বাড়ীর পাশে পর্যাপ্ত গাছপালা লাগানো • ঋণ সহযোগিতা দেওয়া • রাস্তার দু'পাশে গাছ লাগানো	• নদী পূনঃ খনন করা • আশ্রয় কেন্দ্র নির্মাণ • নদী ভাঙ্গন প্রতিরোধে বাঁধ নির্মাণ করা
▪ **খরাঃ** ▪ খরার কারণে ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের প্রায় ১৫, ৮০০ একর জমির ফসল যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল পানির অভাবে পুড়ে যেতে পারে এবং এর প্রভাবে ঐ গ্রাম গুলোর প্রায় ৫০, ০০০ পরিবারে খাদ্যের সমস্যা দেখা দিতে পারে। ▪ খরার কারণে ইসলামপুর উপজেলায় পৌরসভা-সহ ১৩টি ইউনিয়নের ১০০টি পুকুরের পানি শুকিয়ে মাছ চাষের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে, সেই সাথে এলাকায় মাছের ঘাটতি দেখা দিতে পারে । ▪ ২০০৮ সালের মত আবার খরা হলে এবং বর্তমানের চলমান রের্কড পরিমান খরা অব্যাহত থাকলে ইসলামপুর উপজেলায় পৌরসভাসহ ১৩টি ইউনিয়নে খরার প্রচন্ড তাপে মাঠ ঘাটের ঘাস পুড়ে গিয়ে পশু খাদ্যের অভাব দেখা দিতে পারে এবং বিভিন্ন রোগ বালাই দেখা দিতে পারে। যার প্রভাবে পশু সম্পদের ব্যাপক ভাবে ক্ষতি হতে পারে। ▪ ২০০৮ সালের মত আবার খরা দেখা দিলে ইসলামপুর উপজেলার ১৩টি ইউনিয়নের প্রায় ৩৫, ০০০ পরিবারের জীবন ও জীবিকার উপর প্রভাব পড়ে খাদ্যের সমস্যা দেখা দিতে পারে। ▪ খরা দেখা দিলে ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নের ব্যাপক গাছপালা বিনষ্ট হতে পারে। যার ফলে ঐ এলাকার পরিবেশ ও মানুষের আর্থিক ক্ষতি হতে পারে।	• পর্যাপ্ত শ্যালো ইঞ্জিন ও বিদ্যুতের ব্যবস্থা করা • পানি সেচের ব্যবস্থা করা • পুকুরে পানি সেচের ব্যবস্থা করা	• গভীর করে পুকুর খনন করা • সরকারী উদ্যোগে খাল খননের ব্যবস্থা করা • পুকুর পাড়ে পর্যাপ্ত বৃক্ষ রোপন করা	• অধিক হারে বৃক্ষ রোপনে সরকারী উদ্যোগে গভীর নলকূপের ব্যবস্থা করা • জনগণকে উৎসাহিত করা ।
▪ **কালবৈশাখী/ঝড়ঃ** ▪ ২০১৩ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে ইসলামপুর উপজেলায় পৌরসভা ও ১২টি ইউনিয়নের প্রায় ২৪, ৮০০ একর জমির ফসল যেমন-ধান, পাট, গম, চৈতালী ফসল বিনষ্ট হতে পারে । যার প্রভাবে ঐ সকল ইউনিয়নের মানুষের খাদ্যের সংকট দেখা দিতে পারে এবং পরবর্তীতে কৃষি বীজের অভাব দেখা দিতে পারে। ▪ ২০১৩ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে ইসলামপুর উপজেলায় গবাদীপশু সহ অন্যান্য পশুপাখি মারা যেতে পারে এবং আহত হতে পারে। যার ফলে ঐ সকল ইউনিয়নে পশু পালনে মানুষের আগ্রহ কমে যেতে	• সঠিক সময়ে ঝড়ের পূর্বাভাস পেরণ করা • শক্ত খুঁটি দিয়ে বাড়ি ঘর নির্মাণ	• কৃষকদের মধ্যে সহজ শর্তে ঋণ প্রদান • উপযুক্ত সময়ে ফসল রোপন • সরকারী-বেসরকারী উদ্যোগে বাড়ী ঘর নির্মানের জন্য প্রয়োজনীয় ঋণ সহায়তা	• পর্যাপ্ত হারে গাছ লাগানো • জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা • বাড়ীর চার পাশে পর্যাপ্ত বৃক্ষ রোপন করা

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসনের সম্ভাব্য উপায়		
	স্বল্পমেয়াদী	মধ্যমেয়াদী	দীর্ঘমেয়াদী
পারে। ▪ ২০১৩ সালের মত আবার কালবৈশাখী ঝড় দেখা দিলে ইসলামপুর উপজেলার গাছপালা ভেঙ্গে গিয়ে বিনষ্ট হতে পারে। ▪ ইসলামপুর উপজেলাতে কালবৈশাখী ঝড় হলে, ২০১৩ সালের মত আঘাত হানলে শিক্ষা প্রতিস্ঠান, ঘরবাড়ি এবং ব্যবসা প্রতিষ্ঠানের আংশিক কিংবা সম্পূর্ণ বিনষ্ট হতে পারে। যার কারণে পরিবেশ ও মানুষের আর্থিক ক্ষতি হতে পারে।		প্রাদান	
অতিবৃষ্টিঃ ● ২০০৬ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে, ইসলামপুর উপজেলায় পৌরসভা-সহ ১৩টি ইউনিয়নের প্রায় ৭৮০টি পুকুরের মাছ খাল বিলে বের হয়ে মৎস্য চাষীদের ব্যাপক ক্ষতি করতে পারে । ● ২০০৬ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে, ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নের প্রায় নিচু এলাকার মাঠ, ঘাট, আবাদি জমি, কাঁসারী কারখানা ইত্যাদি অতিবৃষ্টিতে জলাবদ্ধ হয়ে দিনমজুরী, ব্যবসায়ী, কাঁসারী কারিগর শ্রেণী পেশাজীবি মানুষের কর্মসংস্থান হারিয়ে আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। যা জীবন ও জীবিকার পথে বাঁধার সৃষ্টি করতে পারে। ● ২০০৬ সালের মত আবার অতিবৃষ্টি দেখা দিলে ইসলামপুর উপজেলার সকল ইউনিয়নের কাঁসারী পরিবার ও কাঁসারীর সাথে সম্পৃক্ত পরিবারগুলি আর্থিক ভাবে ব্যপক ক্ষতির সম্মুখিন হতে পারে।	● উপযুক্ত সময়ে ফসল রোপন করা ● অতিবৃষ্টি সহনীয় ফসলের চাষ ● সরকারী উদ্যোগে ব্যাপক কর্মসংস্থাপনের সৃষ্টি করা ● যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করা	● পানি নিঃষ্কাশনের ব্যবস্থা করা	● পর্যাপ্ত হারে বনায়নের ব্যবস্থা করা
শৈত্যপ্রবাহ ও কুয়াশাঃ ● বিগত ০৫ বছরের মতো শৈত্যপ্রবাহের প্রকোপ বাড়তে থাকলে ইসলামপুর উপজেলার হতদরিদ্র, বৃদ্ধ ও শিশু মৃত্যুর হার বৃদ্ধি পেতে পারে। ● শৈত্যপ্রবাহ ও ঘন কুয়াশার কারণে ফসলের ব্যাপক ক্ষতি সাধন হতে পারে।	● শীত বস্ত্র বিতরণ ● শীত বস্ত্র পরিধানে উৎসাহিত করা	● শীত ও কুয়াশা বিষয়ে সচেতনতা বৃদ্ধি	● অধিক হারে বৃক্ষরোপন করা ● কুয়াশা সহনশীল ফসলের চাষাবাদ প্রবর্তন করা

৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনাঃ

ছক- ৪২: এনজিও গুলোর কাজ ও প্রকল্পের মেয়াদকাল

ক্রমিক নং	এনজিও	দুর্যোগ বিষয়ে কাজ	উপকার ভোগীর সংখ্যা	পরিমান/ সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১	আশা	দূর্যোগের সময় টিম গঠন করে সহায়তা প্রদান করা হয়	৯৬০জন	২ লাখ	২০০০ সাল থেকে শুরু করে চলমান
২	ব্র্যাক	দূর্যোগের সময় টিম গঠন করে সহায়তা প্রদান করা হয়	১৫০০জন	১৮ লক্ষ	১৯৯৬ সাল থেকে শুরু চলমান
৩	সাজেদা ফাউন্ডেশন	প্রাইম প্রকল্প দুর্যোগের সময় ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়	প্রয়োজন অনুযায়ী	৪০০০/=	চলমান কর্মসূচী
৪	সনির্ভর বাংলাদেশ	স্বাস্থ্য সেবা প্রকল্প বন্যার সময় ক্যাম্প করে স্বাস্থ্যসেবা দেওয়া হয়	চাহিদা অনুযায়ী	----------	চলমান কর্মসূচী

তথ্য সূত্রঃ সকল ব্রাঞ্চ ম্যানেজার।

৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনাঃ

মোট চারটি ধাপে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি করা হয়। ১। দুর্যোগ পূর্ব প্রস্তুতি ২। দুর্যোগ কালীন ৩। দুর্যোগ পরবর্তী ৪। স্বাভাবিক সময়ে/ঝুঁকি হ্রাস সময়ে। নিম্নে ছকের মাধ্যমে পরিকল্পনা গুলির বিস্তারিত তুলে ধরা হলো।

৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতিঃ

ছক-৪৩: দুর্যোগ এর সময় কে কি ধরণের কাজ করবে তার বিবরণ

ক্রঃনং	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে			
						উপজেলা প্রশাসন %	কমিউনিটি %	ইউপি %	এন.জি.ও %
১.	ওয়ার্ড বা গ্রাম পর্যায়ে দল গঠন	১২০ টি	৩৯০০০০০/-	ইউপি, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
২.	স্থানীয় পর্যায়ে বার্তা প্রচারে স্থানসমূহ চিহ্নিতকরণ	১২০ টি	৫০০০০/-	ইউপি, ওয়ার্ড ও গ্রাম, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৩.	বন্যা/ ঘটিত আপদের আগাম বার্তা প্রচারে পতাকা ব্যবস্থা উন্নয়ন	১২০ টি	২০, ০০০/-	ইউপি, ওয়ার্ড ও গ্রাম, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৪.	স্থানীয় পর্যায়ে বন্যা/ ঘটিত আপদের আগাম সংবাদ প্রচারের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন	১২০ টি	২১৪০০০/-	ইউপি, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৫.	আশ্রয় কেন্দ্র মেরামত	৪০ টি	২৪, ০০, ০০০/	ইউপি, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৬.	মোবাইল স্বাস্থ্য ক্লিনিক পরিচালনা	১২ টি	১২, ০০, ০০০/-	ইউপি, ওয়ার্ড ও গ্রাম, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৭.	মহড়ার আয়োজন	২২ টি	২, ২০, ০০০/-	ইউপি, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৮.	দুযোর্গ ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ	১২+১(ইউনিয়নে ১২ টি+পৌঃসভা)	৪৮, ০০০/-	ইউপি, পৌরসভা	ফেব্রুয়ারী-মার্চ	৪০%	১০%	৩০%	২০%
৯.	শুকনা খাবার, জীবন রক্ষা কারী ঔষধ সংগ্রহ ও প্রস্তত রাখা	শুকনো ৬ টন চাল/ডাল-১০ টন	৭, ০০, ০০০/-	ইউপি, ওয়ার্ড ও গ্রাম, পৌরসভা	ফেব্রুয়ারী-এপ্রিল	৪০%	১০%	৩০%	২০%
১০.	দুর্যোগ বিষয়ে স্কুল ছাত্র ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান	৫৫ টি স্কুলে	১, ১০, ০০০/	স্কুলে	ফেব্রুয়ারী	৪০%	১০%	৩০%	২০%
১১.	সংশিস্নষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ফোন নম্বর সংরক্ষণ করা	UzDMC, UDMC এবং বিভিন্ন দাতা সংস্থার		ইউনিয়ন পরিষদ ও উপজেলায়	ফেব্রুয়ারী	৪০%	১০%	৩০%	২০%
১২.	দুযোর্গের পূর্বে সর্তকবার্তা ও জরুরী সর্তক বার্তা প্রচার	১২০টি	২, ২২, ০০০	ইউনিয়নের সব ওয়ার্ড;	দুর্যোগের পূর্ব মূহর্তে	৪০%	১০%	৩০%	২০%

৩.৪.২ দুর্যোগ কালীনঃ

ছক-৪৪: দুর্যোগ কালীন কে কি করবে তার বিবরণ

ক্রঃনং	কার্যক্রম	লক্ষ মাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে			
						উপজেলা প্রশাসন %	কমিউনিটি %	ইউপি %	এন.জি.ও %
১.	নারী, শিশু, বৃদ্ধ, অসুস্থ ও প্রতিবন্ধির জন্য জরুরীভাবে আশ্রয়কেন্দ্রে নেয়ার ব্যবস্থা করা।	১২০	-	পুরো উপজেলার ইউনিয়ন, ওয়ার্ড	দুর্যোগ মুহর্তে	৪০%	১০%	৩০%	২০%
